

২/৯০৩

পাটিগাণিত

[অষ্টম শ্রেণীর জন্য]

শ্রীবেশ্যচন্দ্ৰ নাগ

2903



[পূর্বে পশ্চিম বঙ্গ মাধ্যমিক পর্যবেক্ষক অভিযন্ত্রী পাটাগণিত (৭ম-৮ম)-এর 1968
সাল হইতে প্রবর্তিত নতুন সিলেবাস অনুসারে পুনর্নির্ণয় সংস্করণ]

পাটাগণিত

[অষ্টম শ্রেণীর পাঠ্য]



শ্রীকেশবচন্দ্র নাগ

অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক, মিত্র ইন্ডিষ্ট্রিয়াল (ভৰানীপুর),
গ্রহকার, “স্কুল ফাইল্যাল ও হায়ার সেকেণ্টারী কোর ম্যাথামেটিস,”
Studies in Core Mathematics (Eng.), S. F. Addl. Math.,
পাটাগণিত (৭ম), কোর গণিত (৭ম ও ১০ম), “নব পাটাগণিত,”

H. S. Elective Mathematics : Parts I—III,
Modern Arithmetic (Eng.) for VII & VIII
“স্কুল ফাইল্যাল এক্সিক গণিত”

ও

নব গণিত (৫ম)



ক্যালকাটা বুক হাউস
১/১, বঙ্গল চাটার্জি স্ট্রিট :: কলিকাতা-১২

একাশক :

শ্রীপরেশচন্দ্র ভাওয়াল
ক্যালকাটা বুক হাউস
১/১, বকিম চ্যাটার্জি স্ট্রিট
কলিকাতা-১২

4. 1. 2058
12969

1963 সালের সিলেবাসে মৃত্যু সংস্করণ

- প্রথম সংস্করণ : নভেম্বর, ১৯৬২
- দ্বিতীয় সংস্করণ : জানুয়ারী, ১৯৬৩
- তৃতীয় সংস্করণ : ডিসেম্বর, ১৯৬৩
- চতুর্থ সংস্করণ : জানুয়ারী, ১৯৬৫
- পঞ্চম সংস্করণ : ডিসেম্বর, ১৯৬৫
- ষষ্ঠ সংস্করণ : নভেম্বর, ১৯৬৬
- সপ্তম সংস্করণ : নভেম্বর, ১৯৬৭
- অষ্টম সংস্করণ : নভেম্বর, ১৯৬৮
- নবম সংস্করণ : মার্চ, ১৯৬৯
- দশম সংস্করণ : আগস্ট, ১৯৬৯
- একাশদ সংস্করণ : নভেম্বর, ১৯৭০
- ষাদশ সংস্করণ : জুলাই, ১৯৭১
- অয়োদশ সংস্করণ : আগস্ট, ১৯৭২

মূল্য—দুই টাকা পঞ্চাশ পয়সা।

মুদ্রাকর :

শ্রীপরেশচন্দ্র ভাওয়াল
মুজগ ভারতী (প্রোঃ) লিমিটেড
২, রামনাথ বিশ্বাস লেন
কলিকাতা-২

পরিচালিকা

পশ্চিমবঙ্গ শিক্ষাপর্ষ 1963 সাল হইতে পাটাগণিতের নতুন সিলেবাস প্রস্তুতি করিয়াছেন। সেৱত 1954 সালে ঐ শিক্ষাপর্ষ কৃতক অহমোদিত আৰাব পাটাগণিত (৭ম-৮ম)কে নতুন সিলেবাস অহমাবে প্ৰণয়ন কৰিয়া প্ৰকাশ কৰিতেছি। ইহাতে পূৰ্ব সংস্কৰণগুলিৰ বৈশিষ্ট্য বজায় রাখিয়া কেবল অক্ষগুচ্ছে নতুন এককাবলী সন্নিবিষ্ট কৰা হইয়াছে।

যে শাস্ত্ৰে সংখ্যা সংজ্ঞে আলোচনা কৰা হৱ তাহাকে 'সংখ্যা-বিজ্ঞান' বলে। 'পাটাগণিত' সংখ্যা-বিজ্ঞানেৰ একটি অংশ।

"পাটাগণিত সঙ্কলিত-ব্যবকলিত শুণনভজনাদীনাঃ কৰঃ তত্ত্বা যুক্তঃ গাণিতৎ পাটাগণিতঃ"—এই লীলাবতী-টীকা হইতে জানা যায় 'পাটা' শব্দেৰ অৰ্থ কৰ বা অণালী এবং পণিত শাস্ত্ৰেৰ যে অংশে যোগ, বিৱোগ, গুণ, ভাগ প্ৰভৃতি অণালী আলোচিত ও প্ৰযুক্ত হৱ তাহাকে পাটাগণিত বলে।

ভাৱতে বহু প্রাচীনকাল হইতে আৰ্যাদ্বাৰা শাস্ত্ৰেৰ সহিত এই গণিত শাস্ত্ৰেও চৰা কৰিয়াছেন। পৃথিবীৰ প্রাচীনতম এহ বেজে সূপ ও বেদী নিৰ্মাণে এবং ঘৰ-প্রতীকাদি বচনায় গণিত শাস্ত্ৰেৰ বহুল প্ৰয়োগ দেখা যাব। বহু আচাৰ্য এই শাস্ত্ৰেৰ গবেষণার ধ্যাতি অৰ্জন কৰিয়াছেন। স্থমিক সংখ্যা গিধন অণালীৰ প্ৰচলন হিন্দু গণিতাচাৰ্যগণেৰ কীৰ্তি। ভাস্কুলাচাৰ্য, লীলাবতী প্ৰভৃতিৰ অবহান আজও গণিতজগৎ অকাৰ সহিত স্মৰণ কৰেন।

৩১৮ ১৯৮৫ বৎসৰকাল শিক্ষকতাৰ বৰ্তী থাকিয়া বহুবিধ শিক্ষাৰ্থীৰ সংস্কৰণে আসিয়াছি এবং তাহাদেৰ গণিত বিষ্ণা আৱত্ত কৰিতে কি অহুবিধি হৱ, কিৱেপে ইহা তাহাদেৰ সহজবোধ্য কৰা যাব এবং তাহাৰা অকেৰ সমাধানে কোৰাৰ কিভাবে ভুল কৰে তাহা আনিবাৰ সহযোগ পাইয়াছি।

সেই মূল্যবান অভিজ্ঞতার আলোকই এই গ্রন্থ প্রণয়নে আমাকে পধপ্রদর্শন করিয়াছে। এই গ্রন্থে উদাহরণস্বরূপ বিভিন্ন প্রকারের বহুবিধ প্রশ্নের সমাধান করিয়া বিষয়বস্তু শিক্ষাদিগণের বোধগম্য করিবার চেষ্টা করিয়াছি এবং যে সকল প্রশ্নের সমাধানে তাহাদের প্রায়ই ভুল হয় মেই সকল প্রশ্নের সমাধানকালে অথাস্থানে তাহাদের দৃষ্টি আকর্ষণ করিয়া সাবধান করিয়া দিয়াছি।

এই গ্রন্থ শ্রেষ্ঠ শিক্ষকমণ্ডলীর সমাদৃত লাভে ও প্রেছান্ত ছাত্র ও ছাত্রীবৃন্দের উপকার সাধনে সক্ষম হইলে আমার শ্রম সার্থক মনে করিয়া কৃতার্থ হইব।

গুড়াপ (হগলী)
বাস-পূর্ণিমা, ১৩৬৯।

শ্রীকেশবচন্দ্ৰ নাগ
গ্রন্থকার

ପୁଣୀପତ୍ର

ବିଷୟ	ପୃଷ୍ଠା	ବିଷୟ	ପୃଷ୍ଠା
ଅଧ୍ୟାତ୍ମ			
ପୂର୍ବପାଠେର ପୁନରାଲୋଚନା		ତୃତୀୟ ଅଧ୍ୟାତ୍ମ	
ମେଟ୍ରିକ ଗ୍ରାହିର ବିବିଧ		ଗଡ଼ ନିର୍ଣ୍ଣୟ	54
ସମାଧାନ	1	ବର୍ଗମୂଳ	63
ଗ. ସା. ଶ. ଓ ଲ. ଦା. ଶ.		ବର୍ଗମୂଳ ସହିତ ବିବିଧ ସମାଧାନ	68
ଶତକ୍ଷୀୟ ବିବିଧ ସମାଧାନ	8	ଦଶମିକ ଭଗ୍ନାଂଶେର ବର୍ଗମୂଳ	71
ଐକିକ ନିଯମ	15	ମାଥାଗ୍ନ ଭଗ୍ନାଂଶେର ବର୍ଗମୂଳ	72
ଶମର ଓ କାର୍ଯ୍ୟ	17	କ୍ଷେତ୍ରଫଳ	75
ଭଗ୍ନାଂଶ	38	ସନ ପରିମାଣ	84
ଦ୍ୱିତୀୟ ଅଧ୍ୟାତ୍ମ			
ଆରୁତ ଦଶମିକ	44	ଶତକରା ହିନ୍ଦାବ	91
ମନୃତ ଓ ଅମନୃତ ଆରୁତ		ମରଳ ହଦକରା	97
ଦଶମିକ	44	ପଞ୍ଚମ ଅଧ୍ୟାତ୍ମ	
ଅମନୃତ ଆରୁତ ଦଶମିକକେ		ଶମର ଓ ମୂରତ	114
ମନୃତକରଣ	44	ଷଷ୍ଠ ଅଧ୍ୟାତ୍ମ	
ଆରୁତ ଦଶମିକର ଯୋଗ ଓ		ବିଵିଧ ପ୍ରଶ୍ନର ସମାଧାନ	125
ବିରୋଧ	45	ବାର ନିର୍ଣ୍ଣୟ	129
ଆରୁତ ଦଶମିକର ଉତ୍ତର ଓ ଜାଗ	48	ଉତ୍ସରଣାଳା	
ଆରୁତ ଦଶମିକର ସରଳତା		...	1
ଲମ୍ପାଦନ	49	ଶୁଦ୍ଧିପତ୍ର	
		...	13

পাতীগণত

পাটীগণিত

অষ্টম শ্রেণীর পাঠ্য

প্রথম অধ্যায়

পূর্বপাঠের পুনরালোচনা

মেট্রিক অণালী (Metric System)

বিভিন্ন দেশে ও ভারতবর্ষে দৈর্ঘ্য, ওজন, আয়তন, মুদ্রা গুভ্রতির পরিমাণ সমস্তীয় যে সকল এককাবলী প্রচলিত ছিল বা আছে, তাহাদের পরম্পরারের মধ্যে একপ্রকারের সমস্ত না থাকায় উহাদের লঘূকরণাদি করিতে বিশেষ অস্বিধা হয়।, যথা, মাইলকে ইঞ্চিতে পরিণত করিতে 1760, 3 ও 12 দিয়া গুণ করিতে হয়, কিন্তু এইরূপ গুণ সহজে মুখে মুখে করা যায় না। এই অস্বিধা দূর করিবার জন্য গত উনবিংশ শতাব্দীতে ফ্রান্স দেশে মেট্রিক অণালী প্রচলিত করা হয়। বর্তমানে ভারতে ও অধিকাংশ দেশে বিশেষতঃ বৈজ্ঞানিক গবেষণায় এই প্রণালী ব্যবহৃত হইয়া থাকে।

এই প্রণালীর বিশেষত্বঃ এই প্রণালীতে একজাতীয় এককাবলীর পরম্পরারের মধ্যে একটি সরল সমস্ত বিচ্ছান্ন আছে। ইহাতে প্রত্যেক একক তাহার নিম্নতর এককের দশগুণ এবং উপর্যুক্ত এককের দশতাগ। এইজন্য ইহাতে লঘূকরণ অতি সহজেই করা যায়। কারণ, কোন সংখ্যাকে 10 দিয়া গুণ করিতে হইলে তাহার শেষে একটি শুণ্ড বসাইলেই হয় (দশমিক সংখ্যা হইলে দশমিক বিন্দুকে কেবল 1 অক ডান দিকে সরাইয়া দিতে হয়), এবং 10 দিয়া ভাগ করিতে হইলে ডানদিক হইতে 1 অক বামে দশমিক বিন্দু বসাইতে বা সরাইয়া দিতে হয়।

ইহার আর একটি বিশেষত্ব আছে। এই প্রণালীতে বিভিন্ন জাতীয় এককাবলীতে উচ্চতর ও নিম্নতর এককগুলির বিভিন্ন নাম না দিয়া উহাদের

পূর্বে কতিপয় ল্যাটিন উপসর্গ যোগ করিয়া নামকরণ হইয়া থাকে। ঐগুলি
কোন মৌলিক এককের 10 , 100 , 1000 প্রভৃতি গুণ অথবা দশাংশ ($\frac{1}{10}$),
শতাংশ ($\frac{1}{100}$), সহশ্রাংশ ($\frac{1}{1000}$) প্রভৃতি হয়। যথা :—

কোন এককের নিম্নতর একক :

ডেসি (Deci ডেসি) বা $\frac{1}{10}$

সেন্টি (Centi সে.) বা $\frac{1}{100}$

মিলি (Milli মি.) বা $\frac{1}{1000}$

উচ্চতর একক :

ডেকা (Deca ডে.) = 10 গুণ

হেক্টো (Hecto হে.) = 100 "

কিলো (Kilo কি.) = 1000 "

মিরিয়া (Myria মিরি.) = 10000 "

গ্রেট্রিক বৈধিক পরিমাণ

পৃথিবীর পরিধির এক-চতুর্থাংশের (অর্থাৎ মেরু হইতে বিশুবরেখা পর্যন্ত)
কোটি ভাগের এক ভাগকে এক মিটার দৈর্ঘ্য ধরা হইয়াছে।

$$\text{সূতরাং } 1 \text{ মিটার} = \frac{\text{পৃথিবীর পরিধি}}{400000000}$$

এই অনুসারে 1 মিটার = $39370113\ldots$ ইঞ্চি ধরা হয়। এই প্রণালীতে
এক মিটারকে দৈর্ঘ্য একক ধরা হয়।

বৈধিক এককাবলী নিম্নে প্রদত্ত হইল :—

1 ইঞ্চি = .025399... মিটার	
	= 2.54 সে. মি. (আঁচ)
10 মি. মি. (mm.) = 1 সে.মি. (cm.)	1 ফুট = $3048\ldots$ মিটার
10 সে. মি. = 1 ডেসি মি. (dm.)	= 30.48 সে. মি. (আঁচ)
10 ডেসি মি. = 1 মিটার (m.)	1 গজ = $.91438\ldots$ মিটার
10 মিটার = 1 ডে. মি. (Dm.)	= $.91$ মি. (আঁচ)
10 ডে. মি. = 1 হে. মি. (Hm.)	1 মাইল = $1609.3149\ldots$ মিটার
10 হে. মি. = 1 কি. মি. (Km.)	= 1.61 কি. মি. (আঁচ)
10 কি. মি. = 1 মিরি. মি. (Mm.)	1 কি.মি. = $\frac{5}{8}$ মাইল (আঁচ)
	= $.62$ মাইল (আঁচ)
	1 মিটার = $1\frac{3}{4}$ গজ (আঁচ)
	= 1.09 গজ (আঁচ)

মেট্রিক বর্গ পরিমাণ

যে বর্গক্ষেত্রের প্রতোক বাহুর পরিমাণ 1 মিটা^2 তাহার ক্ষেত্রফল ($1 \text{ মি.} \times 1 \text{ মি.}$) বা 1 বর্গ মিটা । এই প্রণালীতে যে বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য এক ডেকামিটার (বা 10 মিটা) তাহার ক্ষেত্রফলকে ভূমির বর্গ পরিমাণের একক ধরা হয়। ইহার নাম আর (Are), স্বতরাং $1 \text{ আর} = 1 \text{ বর্গ ডেকা মিটা}$ $= 100 \text{ বর্গ মিটা}$ ।

$$1 \text{ আর} = 120 \text{ বর্গ গজ} (\text{আয়})$$

$$1 \text{ হেক্টে আর} (\text{হেক্টার}) = 2\frac{1}{4} \text{ একর} (\text{আয়})$$

$$1 \text{ বর্গগজ} = .84 \text{ বর্গ মিটা}$$

$$\begin{aligned} 1 \text{ একর} &= 4840 \text{ বর্গগজ} \\ &= 40 \text{ হেক্টার} \end{aligned}$$

$$1 \text{ বর্গ মাইল} = 2.59 \text{ বর্গ কি. মিটা}$$

$$1 \text{ বর্গ ইঞ্চি} = 6.5 \text{ বর্গ সে. মিটা}$$

মেট্রিক ঘন পরিমাণ

তই প্রকারের ঘন পরিমাণ প্রচলিত আছে। কাঠের তক্তা প্রভৃতি বৃহদায়তনের জ্বর্যাদি মাপিতে যে ঘন পরিমাণের একক ব্যবহৃত হয় তাহাকে ষ্টেরোর (Stere) বলে। ইহা তোমাদের প্রয়োজন হইবে না। আর তরল পদার্থ মাপিতে যে ঘন পরিমাণের একক ব্যবহৃত হয় তাহাকে লিটার (Litre) বলে।

ষ্টেরোর : 1 ঘন মিটা রকে (অর্থাৎ $1 \text{ মি.} \times 1 \text{ মি.} \times 1 \text{ মি.}$) ষ্টেরোর বলে।

লিটার : 1 ঘন ডেসি মিটা রকে 1 লিটা র বলে, অর্থাৎ যে পাত্রের দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা প্রত্যেকটির মাপ 1 ডেসি মিটা র মেই পাত্রের আয়তনকে এক লিটাৰ বলে।

$$1 \text{ লিটাৰ} = 61.024 \text{ ঘন ইঞ্চি} (\text{আয়}), \quad 1 \text{ গ্যালন} = 4.55 \text{ লিটাৰ}.$$

$$1 \text{ লিটাৰ} = 22 \text{ গ্যালন} \quad 1 \text{ ঘন গজ} = .76 \text{ ঘন মি.}$$

মেট্রিক গুরুত্ব পরিমাণ

এই প্রণালীতে গুরুত্ব পরিমাণের বা ওজনের একককে গ্রাম (Gramme) বলে। ইহা 4° ডিগ্রী (সেটিগ্রেড) উভাপবিশিষ্ট এক ঘন সেটিমিটাৰ বিত্তন পরিমিত জলের ওজনের সমান।

$$1 \text{ কিলোগ্রাম} = 1000 \text{ গ্রাম} = 1000 \text{ ঘন সেটিমিটাৰ জলেৰ ওজন}$$

$$= 1 \text{ ঘন ডেসি মিটাৰ জলেৰ ওজন} = 1 \text{ লিটাৰ জলেৰ ওজন}.$$

50 কিলোগ্রাম=1 সেন্টনের (Centner)

100 কিলোগ্রাম=1 কুইন্টাল (Quintal)

1000 কি. গ্রাম=1 টনে (Tonne) বা 1 মেট্রিক টন ।

1 টনে=0.98 টন, 1 টন=1.02 টনে । 1 কুইন্টাল=1.97 হলুব ।

1 গ্রাম=.09 তোলা, 1 তোলা=11.66 গ্রাম ; 1 কিলোগ্রাম=1.07 সেঙ্গ

1 সেব=0.93 কি. গ্রাম ; 1 কি. গ্রাম=2½ পাউণ্ড (অভদ্ৰু)
=86 তোলা (প্রায়)

1 পাউণ্ড=0.45 কি. গ্রাম ; 1 মণি=0.37 কুইন্টাল,

1 কুইন্টাল=2.68 মণি ; 1 ছটাক=58 গ্রাম (প্রায়) ।

ফ্রান্সের মুজাবিষয়ক এককাবস্থী

10 সেন্টাইম (Centime)=1 ডেসাইম (Decime)

10 ডেসাইম=1 ফ্রাঙ্ক (Franc)= $\frac{1}{5}$ শিলিং (প্রায়)

20 ফ্রাঙ্ক=1 নেপোলিয়ান (Napoleon).

এই প্রণালীৰ লঘূকৰণাদি তোমৰা পূৰ্বে শিখিয়াছ । এখন এই প্রণালীৰ
বিবিধ সমাধান আলোচনা কৰা হইতেছে ।

মেট্রিক প্রণালীৰ বিবিধ সমাধান

উদাহৰণ 1. 25.6 মিটাৰ দৈৰ্ঘ ও 4.5 মিটাৰ প্রশস্ত মাঠেৰ ক্ষেত্ৰফল
কত আৱ হইবে ?

নিৰ্ণয় ক্ষেত্ৰফল=25.6 মি. \times 4.5 মি.=115.2 বৰ্গ মি.

=1.152 বৰ্গ ডেকা মিটাৰ=1.152 আৱ ।

উদাহৰণ 2. কোন বৰ্গীকাৰ প্রাঙ্গণেৰ ক্ষেত্ৰফল 12 বৰ্গ মিটাৰ 25 বৰ্গ
ডেসি মিটাৰ হইলে উহাৰ দৈৰ্ঘ্য কত ?

1 বৰ্গ মিটাৰ=100 বৰ্গ ডেসি মিটাৰ

∴ বৰ্গীকাৰ প্রাঙ্গণটিৰ ক্ষেত্ৰফল=1225 বৰ্গ ডেসি মিটাৰ

∴ উহাৰ দৈৰ্ঘ্য= $\sqrt{1225}$ ডেসি মি.=35 ডেসি মি.

=3 মিটাৰ 5 ডেসি মিটাৰ ।

উদাহৰণ 3. একটি উষ্ণানেৰ দৈৰ্ঘ্য 80 মিটাৰ ও প্ৰহ 60 মিটাৰ ।
উহাৰ ভিতৰে চাৰিখানে 8 ডেসি মিটাৰ প্ৰশস্ত একটি পথ আছে । পথটিৰ
ক্ষেত্ৰফল কত ?

$$\begin{aligned}
 & \text{পথ সমেত উচ্চানের ক্ষেত্রফল} = 80 \text{ মি.} \times 60 \text{ মি.} = 4800 \text{ বর্গ মিটার}, \\
 & \text{পথ বাদে ভিতরের অংশের দৈর্ঘ্য} = 80 \text{ মি.} - 8 \times 2 \text{ ডেসি মি.} = 784 \text{ ডেসি মি.} \\
 & \quad " \quad " \quad " \quad \text{প্রস্থ} = 60 \text{ মি.} - 8 \times 2 \text{ ডেসি মি.} = 584 \text{ ডেসি মি.} \\
 & \therefore \text{পথ বাদে ভিতরের অংশের ক্ষেত্রফল} = 784 \times 584 \text{ বর্গ ডেসি মি.} \\
 & \quad \quad \quad = 457856 \text{ বর্গ ডেসি মি.} = 4578.56 \text{ বর্গ মিটার} \\
 & \therefore \text{পথের ক্ষেত্রফল} = (4800 - 4578.56) \text{ বর্গ মি.} = 221.44 \text{ বর্গ মি.} \\
 & \quad \quad \quad = 221 \text{ বর্গ মি. } 44 \text{ বর্গ ডেসি মিটার।}
 \end{aligned}$$

উদ্ধা. 4. পৃথিবীর পরিধির এক-চতুর্থাংশের কোটি ভাগের এক ভাগকে মিটার বলে এবং ইহা দৈর্ঘ্যে 39.37079 ইঞ্চির সমান। পৃথিবীর পরিধি কত আইল ?

[C U. '10 ; D B. '37]

$$\begin{aligned}
 & \because 1 \text{ মিটার} = \frac{\text{পৃথিবীর পরিধি}}{40000000}, \\
 & \therefore \text{নির্ণয় পরিধি} = 40000000 \text{ মিটার} = 40000000 \times 39.37079 \text{ ইঞ্চি} \\
 & \quad \quad \quad = 400 \times 3937079 \text{ ই.} = \frac{400 \times 3937079}{12 \times 3 \times 1760} \text{ মাইল.} \\
 & \quad \quad \quad = 24855.2 \dots \text{মাইল} = 24855 \text{ মাইল (আসন্ন)}।
 \end{aligned}$$

উদ্ধা. 5. আলোকের গতি প্রতি সেকেণ্ডে 3×10^8 মিটার এবং শৰ্দ হইতে পৃথিবীতে আলোক পৌছিতে 8 মিনিট সময় লাগে। পৃথিবী হইতে শৰ্দের দূরত্ব কত মাইল ? (1 মি. = 39.37 ই.) [C. U. '43 ; D. B. '34]

$$\begin{aligned}
 & \because 1 \text{ সেকেণ্ডে আলোক যায়} 3 \times 10^8 \text{ মিটার,} \\
 & \therefore 8 \text{ মিনিটে} \quad " \quad " \quad 3 \times 10^8 \times 60 \times 8 \text{ মিটার} \\
 & \quad \quad \quad = 3 \times 10^8 \times 60 \times 8 \times 39.37 \text{ ইঞ্চি} \\
 & \therefore \text{নির্ণয় দূরত্ব} = \frac{3 \times 10^8 \times 60 \times 8 \times 3937}{12 \times 3 \times 1760} \text{ মাইল} \\
 & \quad \quad \quad = 89477272.72 \text{ মাইল} \\
 & \quad \quad \quad = 89477272.72 \text{ মাইল।}
 \end{aligned}$$

উদ্ধা. 6. 2.5 একর আয়তনের একটি বর্গক্ষেত্রকে বেড়া দিয়া ধিরিতে প্রতি কিলো মিটারে 39 টাকা 37 পঞ্চাশ হিসাবে কত ব্যয় হইবে ? (1 মি. = 39.37 ই.)

বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $2 \cdot 5$ একর = $2 \cdot 5 \times 4840$ বর্গ গজ

$$= 25 \times 484 \text{ বর্গ গজ},$$

∴ উহার একটি বাহু = $\sqrt{25 \times 484}$ গজ = 5×22 গ. = 110 গজ,

∴ উহার পরিসীমা = $110 \text{ গ.} \times 4 = 110 \times 3 \times 12 \times 4$ ইঞ্চি

$$= \frac{110 \times 3 \times 12 \times 4}{39 \cdot 37} \text{ মি.} = \frac{110 \times 3 \times 12 \times 4}{39 \cdot 37 \times 1000} \text{ কি. মিটার}$$

∴ নির্ণয় খৰচ = 39 টা. 37 প. $\times \frac{110 \times 3 \times 12 \times 4}{39370}$

$$= 44 \times 36 \text{ পয়সা} = 15 \text{ টাকা } 84 \text{ পয়সা}.$$

প্রশ্নালী 1

- একটি মাঠের দৈর্ঘ্য 6 মিটার 4 ডেসিমিটার এবং প্রস্থ 4 মি. 5 ডেসি. মিটার ; উহার ক্ষেত্রফল কত ?
- 45 মিটার দীর্ঘ ও 31 মিটার বিস্তৃত একটি ক্ষেত্রকে তাবের বেড়া দিয়া দিবিতে হইবে। অতি ডেসি মিটার তাবের মূল্য 1 ফ্লাঙ 4 ডেসাইম হইলে মোট কত ব্যয় হইবে ?
- একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 17 বর্গ মিটার 64 বর্গ ডেসি মিটার। উহার দৈর্ঘ্য কত ?
- একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ এবং ক্ষেত্রফল 1109400 বর্গ মিটার। অতি মিটারে 1 ডলার 25 সেন্ট হাবে উহাকে বেড়া দিয়া দিবিতে কত ব্যয় হইবে ?
- একটি ক্ষেত্রের দৈর্ঘ্য 64 মিটার এবং প্রস্থ 40 মিটার। উহার বাহিরের চারিধারে 15 ডেসি মিটার পরিসরের পথ আছে। ঐ পথের কালি কত ?
- 2 বর্গ মিটার আয়তনের কোন বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য কত ?

7. দুইটি স্তরের উচ্চতা যথাক্রমে 8 মি. 2 ডেসি মি. ও 5 মি. 5 ডেসি মিটার। অন্ত একটি স্তরের উচ্চতা কত হইলে তিনটি স্তরের উচ্চতার গড় 6 মি. 5 ডেসি মিটার হইবে ?
8. দুই স্থানের দূরত্ব 18 কিলোমিটার, উহাকে মাইল, গজে প্রকাশ কর।
(1 মিটার = 39.37 ইঞ্চি) [C. U. '33]
9. এক মিটার = 39.37 ইঞ্চি হইলে 10 ফুটে কত সেক্টিমিটার হয় ?
[C. U. '48]
10. যদি এক মিটার $3\frac{2}{5}$ ফুটের সমান হয় এবং উভয়মের হইতে বিষুবরেখা পর্যন্ত রেখার দৈর্ঘ্য 10000000 মিটার হয়, তবে পৃথিবীর পরিধি কত আসন্ন মাইল হইবে ? [C. U. '12]
11. পৃথিবীর পরিধি 40000 কিলোমিটার, উহাকে মাইলে প্রকাশ কর।
(1 মিটার = 39.3709 ইঞ্চি) [C. U. '38]
12. এক মিটার = 39.37 ইঞ্চি ধরিয়া 1 কিলোমিটারকে এক মাইলের দশমিকে প্রকাশ কর।
13. যে আয়তক্ষেত্রের বাহ যথাক্রমে 2.56 সে. মি. ও 4.73 সে. মি., তাহার কর্ণের দৈর্ঘ্য কত ?
14. মিটার প্রতি বেড়া দিবার খরচ 2.5 ঝাল হইলে, যে বর্গক্ষেত্রের আয়তন 40804 বর্গ কিলোমিটার তাহাকে বেড়া দিয়া ঘিরিতে কত ব্যয় হইবে ? [G. U. '49]
15. এক মিটার = 39.3701 ইঞ্চি হইলে, দেখাও যে 981 সে. মিটার = 32 ফুট (আসন্ন) ।
16. একটি জলাধারের দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা যথাক্রমে 20.5 মি., 10.2 মি. ও 5 মিটার ; উহাতে কত লিটার জল ধরে ?
17. $7.5 \text{ m.} \times 3.2 \text{ des. m.} \times 10 \text{ c.m.}$ আয়তনের জলাধারে যে জল ধরে তাহার ওজন কত গ্রাম ?
18. ষষ্ঠি কাচ অলের 2.5 গুণ ভারী হয়, তবে এক ষন মিটার কাচের ওজন কত কিলোগ্রাম হইবে ? [C. U. '34]

H 19. একটি আয়তাকার মাঠের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত $5 : 3$ এবং
ক্ষেত্রফল $6\cdot534$ হেক্টার। উহার দৈর্ঘ্য কত মিটার?

20. বর্গাকার তলাবিশিষ্ট একটি খোলা জলাধারে 28900 লিটার জল ধরে
এবং উহার উচ্চতা $2\cdot5$ মিটার। প্রতি বর্গমিটার 5 টাকা হিসাবে উহার
ভিতরের দিকে সীসা লাগাইতে কত ব্যয় হইবে? [D. B. '24]

21. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত $3 : 2$ এবং উহার
ক্ষেত্রফল 1109400 বর্গমিটার। প্রতি মিটারে $2\cdot5$ ফ্রাঙ হারে উহাকে বেড়া
দিতে কত ব্যয় হইবে? [C. U. '41]

H 22. একটি আয়তাকার চৌরাঢ়ার দৈর্ঘ্য প্রস্থের 3 গুণ এবং উচ্চতা
 3 মিটার। উহার আয়তন 81000 লিটার হইলে উহার দৈর্ঘ্য ও প্রস্থ কত?
উহার ভিতরের দেওয়াল চারিটি বং করিতে প্রতি আরে (are) 200 টাকা
হিসাবে কত ব্যয় হইবে? [G. U. '54]

গ. সা. গু. ও ল. সা. গু. সমস্কীয় বিবিধ সমাধান।

[সমাধানে গ. সা. গু. বা ল. সা. গু. কৃষ্ণা দেখাইবে।]

উদাহরণ 1. কোন বৃহত্তম সংখ্যা ধারা $82, 104, 148$ -কে ভাগ
করিলে প্রত্যেকবার একই ভাগশেষ ধাকে?

$82 =$ নির্ণয় সংখ্যাটির কোন গুণিতক + ঐ ভাগশেষ,

$104 =$ " " অপর কোন গুণিতক + ঐ ভাগশেষ,

এবং $148 =$ " " অন্য কোন গুণিতক + ঐ ভাগশেষ,

অতএব, দেখা যাইতেছে যে $82, 104$ ও 148 -এর যে কোন দুইটির
অন্তর ঐ নির্ণয় সংখ্যাটির কোন গুণিতক, স্বতরাং উহার ধারা সম্পূর্ণ বিভাজ্য।

$$104 - 82 = 22, 148 - 104 = 44, 148 - 82 = 66;$$

এই $22, 44$ ও 66 নির্ণয় সংখ্যাটির ধারা বিভাজ্য।

∴ নির্ণয় বৃহত্তম সংখ্যা $= 22, 44$ ও 66 -এর গ. সা. গু. $= 22$.

উদাহরণ 2. কোন স্বত্ত্বম সংখ্যাকে $24, 30$ ও 36 ধারা ভাগ করিলে
যথাক্রমে $21, 27$ ও 33 ভাগশেষ ধাকে?

$24 - 21 = 3$, $30 - 27 = 3$, $36 - 33 = 3$; এখানে দেখা যাইতেছে যে, প্রত্যেক ভাগশেষ ভাজক অপেক্ষা 3 কম। অতএব বুরা যাইতেছে যে, নির্ণেয় সংখ্যাটি 24, 30 ও 36 দ্বারা বিভাজ্য ক্ষত্রত্ব সংখ্যা অপেক্ষা 3 কম।

24, 30 ও 36 দ্বারা বিভাজ্য ক্ষত্রত্ব সংখ্যা= $24, 30$ ও 36 -এর
ল. স. গ. = 360 [এখানে ল. স. গ. করিয়া দেখাইবে।]

$$\therefore \text{নির্ণেয় সংখ্যা} = 360 - 3 = 357.$$

উদাহরণ 3. 252টি লেবু ও 360টি লিচু কতকগুলি বালককে সমান ভাগ
করিয়া দেওয়া হইল। বালক-সংখ্যা কত? যতগুলি সন্তুর দাঁও।

যখন 252টি লেবু ও 360টি লিচু সমান সমান পরিমাণে ভাগ করিয়া দেওয়া
যায়, তখন বালকদিগের সংখ্যার দ্বারা উভয় সংখ্যাই বিভাজ্য হওয়া চাই।

অতএব, 252 ও 360-এর সাধারণ গুণনীয়কগুলি উভয় হইবে।

2	36	252 ও 360-এর গ.স.গ. = 36.
2	18	\therefore নির্ণেয় বালক-সংখ্যা = 36 এবং 36-এর ষে
3	9	কোন উৎপাদক = 2, 3, 4, 6, 9, 12, 18, 36.

উদাহরণ 4. 500 ও 1000-এর মধ্যবর্তী কোন কোন সংখ্যাগুচ্ছের
গ. সা. গ. 163 হইতে পারে?

$$163 \left| \begin{array}{r} 500 \\ 489 \end{array} \right(3 \quad \begin{array}{l} \text{এখানে বুরা যাইতেছে যে, } 500 \text{ ও} \\ 1000\text{-এর মধ্যবর্তী } 163\text{-র গুণিতকগুলি} \\ \text{প্রথমে নির্ণয় করিতে হইবে। } 163\text{-র} \end{array} \right.$$

3 গুণ 500 অপেক্ষা কম। অতএব, $163 \times 4 = 652$, $163 \times 5 = 815$,
 $163 \times 6 = 978$, এই সংখ্যাগুলির সাধারণ গুণনীয়ক 163 ; $163 \times 7, 1000$
অপেক্ষা বড় বলিয়া উহা ধরিতে হইবে না। এখন $652, 815$ ও 978 এই
সংখ্যা তিনটির কোন কোন গুণিতক গ. সা. গ. 163 তাহা স্থির করিতে
হইবে। এই সংখ্যা তিনটির মধ্যে 652 ও 815 , 815 ও 978 , অথবা 652 ,
 815 ও 978 এই তিন দলের গ. সা. গ. 163 হইতে পারে। এখানে 652 ও
 978 এই দলটি ধরা হইল না কেন? কারণ, এই সংখ্যা দুইটির 163 ব্যতীত

২ আর একটি সাধাৰণ শুণনীয়ক আছে বলিয়া উহাদেৱ গ. সা. গু. হইবে 163×2 অৰ্থাৎ 326.

উদাহৰণ 5. দুইটি সংখ্যাৰ গ. সা. গু. 17 এবং উহাদেৱ ঘোগফল 136 হইলে, সংখ্যা দুইটি কি কি হইতে পাৰে ?

সংখ্যা দুইটিৰ গ. সা. গু. 17 বলিয়া উহাবা 17 দ্বাৰা বিভাজ্য ; স্বতৰাং উহাদেৱ ঘোগফলও 17 দ্বাৰা বিভাজ্য ; $136 \div 17 = 8$. অতএব, বুকিতে হইবে যে, সংখ্যা দুইটিকে পৃথক্তাৰে 17 দ্বাৰা ভাগ কৰিলে যে দুইটি ভাগফল হয় তাহাদেৱ সমষ্টি 8. এখন দেখ, কোন্ কোন্ দুইটি সংখ্যাৰ ঘোগফল 8.

$$8=1+7$$

$$8=2+6$$

$$8=3+5$$

$$8=4+4$$

এই জোড়াগুলিৰ মধ্যে যে জোড়াগুলিৰ সংখ্যাদ্বয় পৰম্পৰ মৌলিক, কেবল সেইগুলিই হইতে হইবে। ইহাদেৱ মধ্যে 1 ও 7 এবং 3 ও 5 পৰম্পৰ মৌলিক। স্বতৰাং দুই জোড়া সংখ্যা হইবে।

$$\therefore \text{এক জোড়া সংখ্যা} = 17 \times 1 + 17 \times 7 = 17 + 119;$$

$$\text{আৰ এক জোড়া সংখ্যা} = 17 \times 3 + 17 \times 5 = 51 + 85. \quad \} \text{ উত্তৰ}$$

উদাহৰণ 6. দুইটি সংখ্যাৰ গ. সা. গু. 18 এবং ল. সা. গু. 108 হইলে, সংখ্যা দুইটি কি কি হইতে পাৰে ?

এখানে গ. সা. গু. যথন 18 তখন সংখ্যা দুইটিকে 18 দিয়া ভাগ কৰিলে যে দুইটি ভাগফল পাওয়া যাইবে তাহাবা অবশ্য পৰম্পৰ মৌলিক হইবে, নতুৰা গ. সা. গু. 18 না হইয়া অভি হইত। আৰ আমৰা জানি যে, গ. সা. গু.-কে ঠি ভাগফল দুইটি দিয়া ক্রমিক গুণ কৰিলে ল. সা. গু. পাওয়া যায়।

এখানে $108 \div 18 = 6$. এখন এই 6-কে পৰম্পৰ মৌলিক উৎপাদকে বিভক্ত কৰিতে হইবে। $6 = 1 \times 6$, $6 = 2 \times 3$; 1 ও 6 এবং 2 ও 3 পৰম্পৰ মৌলিক, স্বতৰাং নিৰ্ণয় সংখ্যা দুই জোড়া হইবে।

$$\therefore \text{এক জোড়া সংখ্যা} = 18 \times 1 + 18 \times 6 = 18 + 108;$$

$$\text{আৰ এক জোড়া সংখ্যা} = 18 \times 2 + 18 \times 3 = 36 + 54. \quad \} \text{ উত্তৰ}$$

উদাহরণ 7. দুইটি সংখ্যার গুণফল 12960 এবং উভাদের গ. সা. গু. 36. এইকপ করে জোড়া সংখ্যা হইতে পারে? সংখ্যাগুলি নির্ণয় কর।

[ক. অ. 1946]

ঃ দুইটি সংখ্যার গ. সা. গু. \times ল. সা. গু. = সংখ্যা দুইটির গুণফল,

$\therefore 36 \times$ ল. সা. গু. = 12960, \therefore ল. সা. গু. = $12960 \div 36 = 360$.

[এখন উদা. 6-এর সমাধানের মত কর]

$360 \div 36 = 10$, $10 = 1 \times 10$, $10 = 2 \times 5$; 1 ও 10 এবং 2 ও 5 পৰম্পৰ মৌলিক; সূতরাং দুই জোড়া সংখ্যা হইতে পারে।

\therefore এক জোড়া সংখ্যা = 36×1 ও $36 \times 10 = 36$ ও 360;

অন্য জোড়া সংখ্যা = 36×2 ও $36 \times 5 = 72$ ও 180. }

উদাহরণ 8. কোনু ক্ষত্রিয় সংখ্যাকে 6, 8 ও 10 দিয়া ভাগ করিলে 1 ভাগশেষ থাকে, কিন্তু 13 দিয়া ভাগ করিলে কোন ভাগশেষ থাকে না?

এখানে 6, 8 ও 10-এর ল. সা. গু. = 120 [ল. সা. গু. করিয়া দেখাইবে]।

সূতরাং 120 ও তাহার যে-কোন গুণিতক 6, 8, 10 দ্বারা বিভাজ্য। অতএব বুলা যাইতেছে যে, নির্ণয় সংখ্যাটি 120-র কোন গুণিতক অপেক্ষা 1 বেশী। এখন 120-র কত গুণের সহিত 1 যোগ করিলে যোগফলটি 13 দ্বারা বিভাজ্য

13) $\frac{120}{117}$ (9 হয়, তাহা নির্ণয় করিতে হইবে। ইহার জন্য 120কে 3

13 দিয়া ভাগ করিলে কত ভাগশেষ হয় দেখ। ভাগশেষ হইয়াছে 3.

এইবার দেখ 3-এর কত গুণের সহিত 1 যোগ করিলে 13 দ্বারা বিভাজ্য হয়। দেখা যাইতেছে যে, $3 \times 4 + 1 = 13$, ইহা 13 দ্বারা বিভাজ্য। \therefore নির্ণয় সংখ্যা = $120 \times 4 + 1 = 481$.

উদাহরণ 9. পাঁচ অঙ্কের কোনু বৃহত্তম সংখ্যা 8509-এর সহিত যোগ করিলে যোগফলটি 20, 27, 32 ও 36 দ্বারা বিভাজ্য হইবে?

[চ. বো. 1935]

পাঁচ অক্ষের বৃহত্তম সংখ্যা = 99999.

20, 27, 32 ও 36-এর ল.সা.গু. দ্বারা যে সংখ্যা বিভাজ্য তাহা এই
সংখ্যাগুলির দ্বারা বিভাজ্য।

2	20, 27, 32, 36
2	10, 27, 16, 18
3	5, 27, 8, 9
3	5, 9, 8, 3
	5, 3, 8, 1

$$\begin{aligned} & \quad 20, 27, 32 \text{ ও } 36\text{-এর ল.সা.গু.} \\ & = 2 \times 2 \times 3 \times 3 \times 5 \times 3 \times 8 = 4320. \end{aligned}$$

$$\begin{array}{r} 99999 \\ +8509 \\ \hline 108508 \\ -8640 \\ \hline 22108 \\ -21600 \\ \hline 508 \end{array} \quad (25)$$

$$\therefore \text{নির্ণয় সংখ্যা} = 99999 - 508 \\ = 99491.$$

[জষ্ঠব্য]: এখানে 8509-এর সহিত 5 অক্ষের বৃহত্তম সংখ্যা 99999 যোগ করিয়া দেখা গেল যে, যোগফলটি 4320 দ্বারা বিভাজ্য হয় নাই। 508 অতিরিক্ত হইয়াছে, সুতরাং 508 কম যোগ করিতে হইবে।

$$\therefore 99999 - 508 = 99491 \text{ নির্ণয় সংখ্যা হইল!]}$$

উদাহরণ 10. 30516কে কোন সংখ্যা দ্বারা ভাগ করিয়া 17, 27 ও 36 অথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বা শেষ ভাগশেষ পাওয়া গেল। ভাজকটি কত?

এখানে 3 বার ভাগশেষ থাকায় বুঝা যাইতেছে যে ভাগফলে 3টি অক্ষ আছে। অতএব, ভাজ্যের 305 লইয়া প্রথম ভাগ-কার্য আবশ্য হইয়াছে এবং 17 ভাগশেষ আছে, সুতরাং $(305 - 17)$ বা 288 নির্ণয় ভাজকটির গুণিতক অর্থাৎ ভাজকটি দ্বারা অবশ্যই বিভাজ্য। এইবার ভাগশেষ 17-এর গায়ে ভাজ্যের 1 নামাইয়া হইল 171 এবং তখন ভাগশেষ 27 থাকায় $(171 - 27)$ বা 144 ভাজকটি দ্বারা বিভাজ্য। অহংকরণে $(276 - 36)$ বা 240 এই ভাজক দ্বারা বিভাজ্য।

একশে, 288, 144 ও 240-এর প্রত্যেকটি নির্ণয় ভাজক দ্বারা বিভাজ্য,
স্বতরাং উহাদের গ.সা.গু. কিংবা তাহার কোন গুণনীয়ক নির্ণয় ভাজক হইবে।

$$144) 288 \quad (2$$

এখানে গ. সা. গু. = 48

∴ নির্ণয় ভাজক = 48.

$$\begin{array}{r} 144 \ 240 \ 1 \\ | \quad 96 \ 144 \\ \hline 48 \quad 96 \ 2 \\ | \quad 96 \end{array}$$

[জষ্ঠৰ্য : 48-এর যে কোন উৎপাদকের দ্বারা ও 288, 144 ও 240-
বিভাজ্য, স্বতরাং 48 এবং উহার যে কোন উৎপাদক ভাজক হইতে পারিত ;
কিন্তু এই উৎপাদক প্রদত্ত ভাগশেষগুলির প্রত্যেকটি অপেক্ষা বৃহত্তর হওয়া
আবশ্যক ; অতএব, এক্ষেত্রে 48 একমাত্র নির্ণয় ভাজক।]

উদাহরণ 11. দ্রষ্টি সংখ্যার গ. সা. গু. নির্ণয় করিয়া 21 শেষ ভাজক
এবং 1, 2 ও 3 পর 3টি ভাগফল পাওয়া গেল। সংখ্যা দ্রষ্টি নির্ণয় কর।

[এই প্রকারের অক্ষ শেষের দিক হইতে করিতে হয়।]

শেষ ভাজকটি হইল গ. সা. গু.

এখানে শেষ ভাজক 21 এবং শেষ ভাগফল 3 হওয়ায়, শেষ ভাজ্যটি (C)
হইল (21×3) বা 63 ; স্বতরাং এই 63 হইবে দ্বিতীয় (অর্থাৎ শেষ ভাজকের
পূর্ববর্তী) ভাজক এবং তখন ভাগফল হইয়াছে 2 এবং A) B (1
ভাগশেষ আছে 21. অতএব, দ্বিতীয় ভাজ্য (A) হইল
 $(63 \times 2 + 21)$ বা 147. এই 147 হইবে প্রথম ভাজক
(অর্থাৎ একটি নির্ণয় সংখ্যা) এবং তখন ভাগফল 1 ও
ভাগশেষ এই 63 (যাহা দ্বিতীয় ভাজক)। স্বতরাং প্রথম
ভাজ্য (B) ছিল $(147 \times 1 + 63)$ বা 210, ইহাই অপর নির্ণয় সংখ্যা।

$$\begin{array}{r} 1 \\ \hline C) A (2 \\ \hline 21) C (3 \\ \hline \end{array}$$

∴ নির্ণয় সংখ্যাদ্঵য় = 147 ও 210.

উদাহরণ 12. তিনি অক-বিশিষ্ট কোন সংখ্যা দ্বারা 7326 ও 9145কে
ভাগ করিলে প্রত্যেক স্থলে একই ভাগশেষ ধাকিবে ?

উভয়স্থলে যখন একই ভাগশেষ ধাকে, তখন উহাদের বিরোগফল অর্থাৎ
9145 - 7326 বা 1819 নির্ণয় সংখ্যা দ্বারা অবশ্য বিভাজ্য।

এখন $1819 = 17 \times 107$; 1819-এর দুইটি উৎপাদক এবং কেবল ঐ উৎপাদক দুইটি দ্বারা 1819 বিভাজ্য। ঐ উৎপাদক দুইটিয়ে মধ্যে কেবল 107টি তিন অক-বিশিষ্ট। ∴ নির্ণয় সংখ্যা=107.

উদাহরণ 13. চারি অঙ্কের কোন্ বৃহস্পতি সংখ্যাকে 12, 15 ও 18 দ্বারা ভাগ করিলে যথাক্রমে 9, 12 ও 15 ভাগশেষের ধাকে ?

$12 - 9 = 3$, $15 - 12 = 3$, $18 - 15 = 3$. ভাগশেষগুলি ভাজকগুলি অপেক্ষা প্রতি ক্ষেত্রে 3 কম; সুতরাং নির্ণয় সংখ্যাটি 12, 15 ও 18 দ্বারা বিভাজ্য 4 অঙ্কের বৃহস্পতি সংখ্যা অপেক্ষা 3 কম হইবে।

$$\begin{array}{r} 2 | 12, 15, 18 \\ 3 | 6, 15, 9 \\ \hline 2, 5, 3 \end{array}$$

$$\begin{array}{r} 12, 15 \text{ ও } 18-\text{এর } l. \text{ s. } g. = 180 \\ 180) 9999 (55 \\ \hline 900 \\ \hline 999 \\ \hline 900 \\ \hline 99 \end{array}$$

$9999 - 99 = 9900$, ইহা বিভাজ্য সংখ্যা,
 \therefore নির্ণয় সংখ্যা= $9900 - 3 = 9897$.

উদাহরণ 14. এক বাক্তি 8 টাকা 16 পয়সা দিয়া কতকগুলি আম কিনিয়া তাহা হইতে 6 টাকা 42 পয়সা মূল্যে কতকগুলি আম বিক্রয় করিল। ইহাতে যদি তাহার লাভ বা ক্ষতি না হইয়া থাকে, তাহা হইলে ন্যানপক্ষে এখনও তাহার কাছে কয়টি আম আছে ?

এখানে দেখা যাইতেছে যে 8টা. 16 প. কতকগুলি পূর্ণসংখ্যক আমের ক্রমমূল্য এবং 6টা. 42 পয়সাও কতকগুলি পূর্ণসংখ্যক আমের ক্রমমূল্য। অতএব, এক একটি আমের মূল্য দ্বারা উভয় রাশিই বিভাজ্য।

\therefore 8 টাকা 16 পয়সা ও 6 টাকা 42 পয়সার গ. সা. গ. একটি আমের উভ্যর্তম মূল্য হইতে পারে এবং এই মূল্য হিসাবে যতগুলি আম অবশিষ্ট থাকিতে পারে, তাহাই ন্যানপক্ষে অবশিষ্ট আমের সংখ্যা হইবে।

৮ টাকা 16 পয়সা = 816 প. ; 6 টাকা 42 প. = 642 পয়সা। 816 পয়সা
ও 642 পয়সার গ. সা. গু. = 6 পয়সা, ইহাই প্রত্যেক আমের উর্ধ্বতম মূল্য।

লোকটির কাছে এখনও (816 প. — 642 প.) বা 174 পয়সা মূল্যের
আম আছে।

∴ তাহার কাছে ন্যূনপক্ষে এখনও ($174 \div 6$) বা 29টি আম আছে।

উদাহরণ 15. এক ব্যক্তি দৈনিক মজুরীতে মোট 29 টাকা 25 পয়সার
চাহিতে কিছুদিনের জন্য নিযুক্ত হইল, কিন্তু কয়েকদিন অহপস্থিত থাকার সে
মোট 22 টাকা 50 পয়সা পাইল। প্রমাণ কর যে, তাহার দৈনিক মজুরী
2 টাকা 25 পয়সার অধিক হইতে পারে না।

22 টা. 50 প. ও 29 টা. 25 প. লোকটির কতকগুলি পূর্ণসংখ্যক দিনের
মজুরী বলিয়া একদিনের মজুরী থারা উভয় বাণিজ হইবে।

∴ 22 টা. 50 প. ও 29 টা. 25 পয়সার গ. সা. গু. তাহার উর্ধ্বতম
দৈনিক মজুরী হইবে। 22 টা. 50 প. = 2250 প., 29 টা. 25 প.
= 2925 পয়সা। 2250 পয়সা ও 2925 পয়সার গ. সা. গু. = 225 প.।
অতএব, লোকটির দৈনিক মজুরী 225 পয়সা বা 2 টাকা 25 পয়সার অধিক
হইতে পারে না।

49. ঞাকিক নিয়ম।

পূর্ব শ্রেণীতে এই সমস্কে যাহা শিখিয়াছ তাহা স্মরণ রাখিবে।

(1) কোন কাজ যে কয়ঘন লোকে করে তাহার বেশী লোক লাগিলে
সেই কাজ কম দিনে এবং তাহার অপেক্ষা কম লোক লাগিলে ঐ কাজ বেশী
দিনে শেষ হইবে।

(2) গমের মূল্য বাড়িলে নির্দিষ্ট মূল্যের কঠিন উজ্জন কম হইবে এবং গমের
মূল্য কমিলে ঐ কঠিন উজ্জন বেশী হইবে।

(3) কোন থান্তে কতকগুলি লোকের যতদিন চলে, তাহার বেশী লোক
থাকিলে কম দিন এবং কম লোক থাকিলে বেশী দিন চলিবে।

(4) ৫ মিনিট অন্তর গোলা ছুঁড়িলে কোন সময়ে যত লোক থারা যাব,
ইহার কম সময় অন্তর গোলা ছুঁড়িলে ঐ সময়ে বেশী লোক নিহত হইবে।

উদাহরণ 1. 12 দিনে একটি কার্য 15 জনে সম্পন্ন করে, 18 জন সোকে
উহার দিষ্টুণ কার্য কত দিনে করিবে ?

15 जने एकठि काज कर्बे 12 दिने

∴ 1 „ এ কাজটি „ 12×15 দিন

∴ 18 " " " " $\frac{12 \times 15}{18}$ दिन

∴ 18 अने उहाव 2 शुभ काज करें $\frac{12 \times 15 \times 2}{1}$ दिने वा 20 दिने।

উদাহরণ 2. প্রতিটি 8 ঘণ্টা কাজ করিয়া 21 জনে যে কার্য 12 দিন

କରେ, ଅତିଥି 6 ସନ୍ଟୋ ଥାଟିଯା 24 ଜନେ କତ ଦିନେ ଭାଶା କହିବେ ?

12 दिने मोट 12×8 घट्टार वा 96 घट्टाय काज्ञि कर्बा याय।

21 ज्ञे 96 घटोय काज्टि कवे

∴ 1 अने 96×21 घटोम्बु काजूटि करू.

∴ 24 ज्ञे $\frac{96 \times 21}{24}$ षटोय वा 84 षटोय कांडि करै।

এখন, অত্যহ 6 ঘণ্টা কাজ করিলে 84 ঘণ্টা কাজ হয় ($84 \div 6$) বা 14 দিনে। ∴ নির্ণয় সময় = 14 দিন।

উদাহরণ ৩. 6 জন পুরুষ বা 8 জন স্ত্রীলোক যে কার্য 25 দিনে করে,
8 জন পুরুষ ও 6 জন স্ত্রীলোক একত্রে তাহা কত দিনে করিবে ?

এখনে ৬ জন পুরুষ = ৮ জন স্ত্রীলোক [অর্থাৎ ৬ জন পুরুষের কাজ = ৮ জন
স্ত্রীলোকের কাজ]

∴ 1 अन पुक्ष = $\frac{1}{3}$ वा $\frac{1}{3}$ अन श्रौलोक

অতএব, 8 জন পুরুষ + 6 জন মহিলা = $(\frac{8}{2}+6)$ বা 10 জন মহিলা।

এক্ষণে, ৮ জন স্বীলোক কাজটি করে 25 দিন

∴ 1 , 2 , 3 , 4 , 5 , 6 , 7 , 8 , 9 , 10 , 11 , 12 , 13 , 14 , 15 , 16 , 17 , 18 , 19 , 20 , 21 , 22 , 23 , 24 , 25 x 8 मिनी

$$\therefore \frac{50}{3} " " " \frac{25 \times 8 \times 3}{50} \text{ वा } 12 \text{ मिन।}$$

∴ निर्णेय समय = 12 दिन।

~~X~~ উদাহরণ 4. একটি কাজ 60 দিনে করিবার জন্য 35 জন লোক নিযুক্ত করা হইল ; 32 দিন পরে দেখা গেল কাজটির $\frac{2}{3}$ অংশ হইয়াছে। তখন অতিরিক্ত কত জন লোক নিযুক্ত করিলে কাজটি সম্পন্ন হইবে ?

$$60 \text{ দিন} - 32 \text{ দিন} = 28 \text{ দিন অবশিষ্ট আছে।}$$

$$1 - \frac{2}{3} = \frac{1}{3} \text{ অংশ কাজ অবশিষ্ট আছে।}$$

$$32 \text{ দিনে } \frac{2}{3} \text{ অংশ কাজ করে } 35 \text{ জনে}$$

$$\therefore " " \text{ সমস্ত কাজটি } " \text{ } \frac{35 \times 5}{2} \text{ জনে}$$

$$\therefore 1 " " " " \frac{35 \times 5 \times 32}{2} \text{ জনে}$$

$$\therefore 28 " " " " \frac{35 \times 5 \times 32}{2 \times 28} \text{ জনে}$$

$$\therefore " " \frac{5}{6} \text{ অংশ কাজ করে } \frac{35 \times 5 \times 32 \times 3}{2 \times 28 \times 5} \text{ জনে বা } 60 \text{ জনে।}$$

$$\therefore (60 - 35) \text{ বা } 25 \text{ জন অতিরিক্ত লোক লাগিবে।}$$

41. সময় ও কার্য

উদাহরণ 1. ক ও খ যথাক্রমে 18 ও 12 দিনে একটি কাজ করিতে পারে। উভয়ে একত্রে কাজ আরম্ভ করিল এবং কাজ শেষ হইবার 3 দিন পূর্বে খ চলিয়া গেল। কাজটি মোট কত দিনে শেষ হইল ?

কাজটি শেষ হইবার 3 দিন আগে খ চলিয়া যাই, স্বতরাং সেই শেষ 3 দিন ক এক। কাজটি করিয়াছে। ক 1 দিনে করে কাজের $\frac{1}{18}$ অংশ,

$$\therefore \text{ক শেষ } 3 \text{ দিনে কাজের } \frac{1}{18} \times 3 \text{ বা } \frac{1}{6} \text{ অংশ করিয়াছে।}$$

অতএব, উভার পূর্বে উভয়ে একত্রে কাজটির $(1 - \frac{1}{6})$ বা $\frac{5}{6}$ অংশ করিয়াছে। উভয়ে একত্রে 1 দিনে করে $(\frac{1}{18} + \frac{1}{12})$ বা $\frac{5}{36}$ অংশ,

$$\therefore \text{তাহারা } \frac{5}{6} \text{ অংশ করিয়াছে } (\frac{5}{6} \div \frac{5}{36}) \text{ দিনে বা } 6 \text{ দিনে।}$$

$$\therefore \text{সমস্ত কাজটি } (6+3) \text{ বা } 9 \text{ দিনে শেষ হইয়াছে।}$$

উদাহরণ 2. ক একটি কাজ 12 দিনে ও খ 16 দিনে করিতে পারে; গ-এর সাহায্যে তাহারা 5 দিনে কাজটি সম্পন্ন করিল। যদি কাজটির অঙ্গ তাহারা 96 টাকা পাইয়া থাকে, তবে কে কত টাকা পাইবে ?

ক 5 দিনে করে কাজটির $\frac{1}{4} \times 5$ বা $\frac{5}{4}$ অংশ,

\therefore ক পাইবে 96 টাকা $\times \frac{5}{4}$ বা 40 টাকা,

ধ 5 দিনে করে কাজটির $\frac{1}{4} \times 5$ বা $\frac{5}{4}$ অংশ,

\therefore ধ পাইবে 96 টাকা $\times \frac{5}{4}$ বা 30 টাকা।

\therefore গ পাইবে (96 টাকা—40 টাকা—30 টাকা) বা 26 টাকা।

উদাহরণ 3. ক 4 দিনে কোন কাজের $\frac{1}{3}$ অংশ, ধ 3 দিনে অবশিষ্টের $\frac{1}{3}$ অংশ করিল এবং তারপর 6 দিনে গ কাজটি শেষ করিল। তিনি অনে একত্রে কত দিনে কাজটি করিবে?

ক 4 দিনে কাজটির $\frac{1}{3}$ অংশ করে।

\therefore ক 1 দিনে কাজটির $\frac{1}{12}$ বা $\frac{1}{3} \times \frac{1}{4}$ অংশ করে।

অবশিষ্ট কাজ = $1 - \frac{1}{3} = \frac{2}{3}$, স্বতরাং $\frac{2}{3}$ এর $\frac{1}{12} = \frac{1}{18}$.

\therefore ধ 3 দিনে কাজটির $\frac{1}{18} \times 3$ অংশ করে,

\therefore ধ 1 দিনে কাজটির $\frac{1}{18} \times \frac{1}{3}$ বা $\frac{1}{54}$ অংশ করে।

এখন অবশিষ্ট কাজ = $\frac{2}{3} - \frac{1}{54} = \frac{11}{54}$ অংশ,

\therefore গ 6 দিনে $\frac{11}{54}$ অংশ করিল,

\therefore গ 1 দিনে করে কাজটির $\frac{11}{324}$ বা $\frac{1}{3}$ অংশ।

\therefore 1 দিনে তিনজনে একত্রে করে কাজটির $(\frac{1}{12} + \frac{1}{18} + \frac{1}{324})$ বা $\frac{7}{54}$ অংশ।

\therefore তাহারা একত্রে সমস্ত কাজটি করে $(1 \div \frac{7}{54})$ দিনে বা $5\frac{1}{7}$ দিনে।

উদাহরণ 4. একটি লোক ও একটি বালক 24 দিনে একটি কাজ করিতে পারে। লোকটি যদি শেষ 6 দিন এক কাজ করে, তবে 26 দিনে কাজটি দশকাল হয়। বালকটি এক কাজ করে দিনে কাজটি করিবে?

শেষ 6 দিন লোকটি এক কাজ করিলে কাজটি 26 দিনে শেষ হয়, স্বতরাং উভয়ে (26—6) বা 20 দিন একত্রে কাজ করিয়াছে বুঝিতে হইবে।

উভয়ে 1 দিনে করে কাজটির $\frac{1}{20}$ অংশ,

\therefore তাহারা 20 দিনে করিয়াছে $1\frac{1}{2}\frac{1}{2}$ বা $\frac{1}{4}$ অংশ।

\therefore অবশিষ্ট $(1 - \frac{1}{4})$ বা $\frac{3}{4}$ অংশ লোকটি এক দিনে শেষ করিয়াছে,

\therefore লোকটি 1 দিনে করে কাজটির $\frac{1}{12}$ বা $\frac{1}{3}$ অংশ।

\therefore বালকটি 1 দিনে করে কাজটির $(\frac{1}{20} - \frac{1}{12})$ বা $\frac{1}{60}$ অংশ,

\therefore বালকটি এক সমস্ত কাজটি $(1 \div \frac{1}{60})$ বা 60 দিনে করিবে।

উদাহরণ ৫. একটি কাজ ক 40 দিনে, খ 120 দিনে এবং গ 60 দিনে করিতে পারে। প্রত্যেক তৃতীয় দিনে খ ও গ এর সাহায্য জাইয়া ক করিলে কাজটি শেষ করিবে।

প্রথম 2 দিনে ক একা কাজটির $\frac{1}{40} \times 2$ বা $\frac{1}{20}$ অংশ করে।

তৃতীয় দিনে ক, খ ও গ একত্রে কাজটির $(\frac{1}{40} + \frac{1}{120} + \frac{1}{60})$ বা $\frac{1}{10}$ অংশ করে। ∴ প্রতি তিন দিনে কাজটির $(\frac{1}{20} + \frac{1}{10})$ বা $\frac{3}{20}$ অংশ সম্পন্ন হয়।

এক্ষণ্ডে, ∵ $\frac{1}{20}$ অংশ সম্পন্ন হয় 3 দিনে,

∴ সম্পূর্ণ কাজটি সম্পন্ন হইবে $(3 \div \frac{1}{20})$ দিনে বা 30 দিনে।

উদাহরণ ৬. 24 জন পুরুষ ও 20 জন বালক 6 দিনে একটি কাজের $\frac{1}{3}$ অংশ করে এবং 6 জন পুরুষ ও 4 জন বালক ঐ কাজের $\frac{2}{5}$ অংশ 40 দিনে করে। 10 জন বালক কাজটি করিলে কত দিনে করিবে ?

24 জন পুরুষ + 20 জন বালক 1 দিনে করে $(\frac{1}{3} \div 6)$ বা $\frac{1}{18}$ অংশ... (1)

আবার, 6 জন পুরুষ + 4 জন বালক 1 দিনে করে $(\frac{2}{5} \div 40)$ বা $\frac{1}{100}$ অংশ,

∴ (উভার 4 গুণ করিলে পাই) 24 জন পুরুষ + 16 জন বালক 1 দিনে করে $(\frac{1}{18} \times 4)$ বা $\frac{2}{9}$ অংশ... (2)

এক্ষণ্ডে, (1) হইতে (2) বিয়োগ করিয়া পাই,

4 জন বালক 1 দিনে করে কাজটির $(\frac{1}{100} - \frac{1}{18})$ বা $\frac{1}{450}$ অংশ,

∴ 1 „ „ 1 „ „ „ $\frac{1}{450}$ অংশ,

∴ 10 „ „ 1 „ „ „ $\frac{10}{450}$ বা $\frac{1}{45}$ অংশ, "

∴ 10 জন বালক সম্পূর্ণ কাজটি $(1 \div \frac{1}{45})$ বা 45 দিনে করিবে।

উদাহরণ ৭. একটি চৌবাক্কার তিনটি নল আছে। প্রথম দুইটি নল ধারা উভয় যথাক্রমে 3 ও 4 ঘণ্টার অন্তর্পৰ্ণ হয় এবং তৃতীয় নলটি ধারা উভা এক ঘণ্টার ধারা হয়। যদি নল তিনটি যথাক্রমে 1টা, 2টা ও 3টাৰ সময় ধোলা হয়, তবে কখন চৌবাক্কাটি ধারা হইবে ?

প্রথম নলটি 1 ঘণ্টার $\frac{1}{3}$ অংশ এবং তৃতীয় নলটি 1 ঘণ্টার $\frac{1}{4}$ অংশ ভঙ্গি করে। তৃতীয় নলটি 1 ঘণ্টার সম্পূর্ণ চৌবাক্কা ধারা করে।

প্রথম নলটি 1টা হইতে 3টা পর্যন্ত 2 ষষ্ঠীয় $\frac{1}{2} \times 2$ বা $\frac{2}{3}$ অংশ জলপূর্ণ করে এবং দ্বিতীয় নলটি 2টা হইতে 3টা পর্যন্ত 1 ষষ্ঠীয় $\frac{1}{2}$ অংশ ভর্তি করে।

অতএব, 3টাৰ সময় মোট $(\frac{2}{3} + \frac{1}{2})$ বা $\frac{7}{6}$ অংশ জলপূর্ণ হইয়াছে।

3টাৰ সময় তৃতীয় নলটি খোলায়, তিনটি নলই এখন খোলা থাকিল। 3টি নল একত্রে খোলা থাকিলে 1 ষষ্ঠীয় খালি হয় $(1 - \frac{1}{2} - \frac{1}{3})$ * অংশ বা $\frac{1}{6}$ অংশ।

$\therefore \frac{1}{6}$ অংশ খালি হইবে $(\frac{7}{6} \div \frac{1}{6})$ বা 7 ষষ্ঠীয় বা 2 ষষ্ঠী 12 মিনিটে।

\therefore চৌবাচ্ছাটি 3টাৰ 2 ষষ্ঠী 12 মিনিট পৰে অর্থাৎ 5টা 12 মিনিটে জলশূন্ত হইবে।

উদাহরণ 8. একটি বালক ও একটি বালিকা কোন চৌবাচ্ছা জলপূর্ণ কৰিবাৰ জন্য বালকটি প্রতি 3 মিনিটে 4 কিলোগ্ৰাম এবং বালিকা প্রতি 4 মিনিটে 3 কি. লিটাৰ কৰিয়া জল উৎহাতে ঢালিতে লাগিল। চৌবাচ্ছার ঘড়ি 8 মিনিটা লি. 4 কি. লিটাৰ জল ধৰে, তবে কতক্ষণে উহা জলপূর্ণ হইবে?

3 মিনিট ও 4 মিনিটেৰ ল. মা. গু. 12 মিনিট। 12 মিনিটে বালকটি 4 বাৰ ও বালিকাটি 3 বাৰ জল ঢালে। বালক 4 বাৰে (4 কি. লি. $\times 4$) বা 16 কি. লি. এবং বালিকা 3 বাৰে (3 কি. লি. $\times 3$) বা 9 কি. লি. জল ঢালে।

\therefore প্রতি 12 মিনিটে মোট $(16+9)$ বা 25 কি. লি. জল ঢালা হয়।

8 মিনিটে 25 কি. লি. = 84 কি.লিটাৰ। 84 কি.লিটাৰেৰ মধ্যে 25 কি.লি. 3 বাৰ আছে। অতএব, 12 মিনিট $\times 3$ বা 36 মিনিটে 25 কি. লি. $\times 3$ বা 75 কি. লি. জল ঢালা হইবে। আৰু জল ঢালিতে বাকি থাকিল $(84-75)$ বা 9 কি. লি.। ঐ 36 মিনিটেৰ পৰবতী তৃতীয় মিনিটে বালকটি আনিয়া জল ঢালিল আৰু 4 কি. লি. এবং চতুর্থ মিনিটে বালিকা জল ঢালিল 3 কি. লি. ; ইহাতে মোট $(75+7)$ বা 82 কি. লি. জল ঢালা হইল। বালকটি ষষ্ঠ মিনিটে আবার 4 কি. লি. জল আনিয়া মাত্ৰ 2 কি. লি. জল ঢালিলেই চৌবাচ্ছাটি পূর্ণ হইবে।

অতএব, চৌবাচ্ছাটি জলপূর্ণ হইতে মোট $(36+6)$ বা 42 মিনিট সময় লাগিবে।

[*জটিলতা : তৃতীয় নলটি খোলা থাকিলে 1 ষষ্ঠীয় পূৰ্বা চৌবাচ্ছা (পূৰ্বা 1) খালি হয়। কিন্তু ঐ সঙ্গে প্রথম ও দ্বিতীয় নল $\frac{1}{2}$ ও $\frac{1}{3}$ অংশ ভর্তি করে, সেৱনক ষষ্ঠীয় খালি হয় $1 - \frac{1}{2} - \frac{1}{3}$ অংশ।]

গ. সা. গু. ও ল. সা. গু. সমন্বয় বিবিধ প্রকাশনী

প্রশ্নালী 2

(পূর্বপাঠ সহকীয় বিবি প্রকাশনী)

গ. সা. গু. ও ল. সা. গু: সংক্ষেপ :

- কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 76, 62 ও 41-কে ভাগ করিলে একই ভাগশেষ থাকিবে ?
- 573, 1364 ও 912-কে কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ভাগ করিলে একই ভাগশেষ থাকে ?
- 300 ও 500-এর মধ্যবর্তী কোন কোন সংখ্যাগুচ্ছের গ. সা. গু. 63 হইতে পারে ?

4. সমান দুরে 3 শি. 6 পে. ও 4 শি. 8 পে. দিয়া করেকটি কলম কেনা হইল। প্রত্যেকটি কলমের মূল্য অধিকপক্ষে কত হইতে পারে ?

5. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 48, 64, 72, 80, 120 ও 140 দিয়া ভাগ করিলে যথাক্রমে 38, 54, 62, 70, 110 ও 130 ভাগশেষ থাকে ?

[ক. প্র. 1898]

6. 23759143 হইতে কোন ক্ষুদ্রতম ও কোন বৃহত্তম সংখ্যা বিমোগ করিলে অস্তরফলগুলি 24, 35, 91, 130 ও 150 দ্বারা বিভাজ্য হইবে ?

[ক. প্র. 1896, 1941]

7. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 80, 96, 108 ও 128 দ্বারা ভাগ করিলে যথাক্রমে 73, 89, 101 ও 121 ভাগশেষ থাকিবে ?

8. 462টি আম ও 546টি সলেশ কতকগুলি বালককে সমানভাবে ভাগ করিয়া দেওয়া হইল। বালকদিগের সংখ্যা কত ? যতগুলি সম্ভব উত্তর দাও।

9. দুইটি সংখ্যার সমষ্টি 1212 এবং উভাদের গ. সা. গু. 101 : ঐক্যপ কর জোড়া সংখ্যা হইতে পারে ? মেই জোড়াগুলি নির্ণয় কর।

[ক. প্র. 1945]

10. দুইটি সংখ্যার সমষ্টি 873 এবং উভাদের গ. সা. গু. 97 হইলে সংখ্যা হইটি কি কি হইতে পারে ?

4. 1. 2008
12.969

library

11. দুইটি সংখ্যার জ. সা. ও. 2376 ও গ. সা. ও. 132 ; সংখ্যা দুইটি কি কি হইতে পারে ?

12. এমন দুইটি সংখ্যা নির্ণয় কর যাহাদের গ. সা. ও. 31 ও জ. সা. ও. 372 হইবে। যতগুলি সম্ভব উভয় দাও।

13. দুইটি সংখ্যার গুণফল 7168 এবং গ. সা. ও. 16 হইলে সংখ্যা দুইটি কি কি হইতে পারে ?

14. দুইটি সংখ্যার গুণফল 12960 এবং উহাদের গ. সা. ও. 36 ; সংখ্যা দুইটি কি কি ? যতগুলি সম্ভব উভয় লিখ।

✓ 15. এমন একটি স্থুতিম সংখ্যা নির্ণয় কর যাহাকে 11 দিনা ভাগ করিলে কোন ভাগশেষ থাকে না ; কিন্তু 5, 6 ও 8 দিনা ভাগ করিলে অত্যেকবাবে ভাগশেষ 1 থাকে।

[ছাত্র 1895]

16. কোন স্থুতিম সংখ্যাকে 12, 18 ও 21 দিনা ভাগ করিলে 4 ভাগশেষ থাকে, কিন্তু 22 দিনা ভাগ করিলে কোন ভাগশেষ থাকে না ?

17. কতকগুলি মার্বেল গুণনা করার সময় দেখা গেল একসঙ্গে 3টি করিয়া গুণনা করিলে 1টি বাকি থাকিয়া যাব, একসঙ্গে 4টি করিয়া গুণনা করিলে 2টি বাকি থাকে, 5টি করিয়া গুণিলে 3টি এবং 6টি করিয়া গুণিলে 4টি বাকি থাকিয়া যাব ; ন্যূনপক্ষে মার্বেলের সংখ্যা কত ?

18. 91509টি আঘ ও 83721টি শেবু কতিপয় বালক-বালিকাকে সমান ভাবে ভাগ করিয়া দেওয়া হইল। বালক-বালিকার সংখ্যা কত ? যতগুলি সম্ভব উভয় দাও।

[চ. বো. 1930]

✓ 19. 11 ধারা বিভাজ্য কোন স্থুতিম সংখ্যাকে 7, 9, 14, 21 ও 35 ধারা ভাগ করিলে অত্যেক বাব 2 ভাগশেষ থাকে ?

[ক. প্র. 1942]

20. 5 অঙ্কের কোন বৃহত্তম সংখ্যা 8321-এর সহিত যোগ করিলে যোগফল 15, 20, 24, 27, 32 ও 36 ধারা বিভাজ্য হইবে ? [ক. প্র. 1906]

21. 6 অঙ্কের কোন জবিঠ সংখ্যাকে 12, 15 ও 18 ধারা ভাগ করিলে বিভাজ্য 9, 12 ও 15 ভাগশেষ থাকে ?

22. 53790823 হইতে কোন বৃহস্পতি ও কোন কৃত্তিম সংখ্যা বিশ্লেষণ করিলে অস্তৱফল 24, 35, 63, 91 ও 520 দ্বারা বিভাজ্য হইবে ?

[চ. বো. 1935]

23. কোন ভাগে ভাজ্য 305165 এবং পর পর ভাগশেষগুলি 17, 27, 36 ও 29 ; ভাজকটি কত ?

24. 64329কে কোন সংখ্যা দ্বারা ভাগ করিয়া 175, 114 ও 213 যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বা শেষ ভাগশেষ থাকিল। ভাগফলটি নির্ণয় কর।

[ক. প্র. 1939]

25. দ্বাইটি সংখ্যার গ. সা. গু. নির্ণয় করিয়া শেষ ভাজক 49 এবং পর পর ভাগফলগুলি যথাক্রমে 17, 3 ও 2 হইল। সংখ্যা দ্বাইটি নির্ণয় কর। [সি. সা.]

26. এক ব্যক্তি 10 টাকা 80 পয়সার কতকগুলি আয় কিনিয়া 8 টাকা 19 পয়সার উহা হইতে কতকগুলি আয় বিক্রয় করিল। ইহাতে যদি তাহার সাত বা লোকসান না হইয়া থাকে, তবে তাহার নিকট কমপক্ষে আর কয়টি আয় থাকিতে পারে ?

27. এক ব্যক্তি দৈনিক শুভ্যৌতীতে কয়েকদিন কাজ করিবার জন্য মোট 19 টাকা 80 পয়সার চুক্তিতে নিযুক্ত হইল, কিন্তু সে কিছুদিন অঙ্গপথিত থাকার মোট 17 টাকা 16 পয়সা পাইল। প্রমাণ কর যে, তাহার দৈনিক শুভ্যৌ 1 টাকা 32 পয়সার অধিক হইতে পারে না।

28. 90 পয়সার এবং 1 টাকা 17 পয়সার অথগু কয়েক কিলোগ্রাম করিয়া লবণ পাওয়া দ্বারা। প্রতি কি. গ্রাম লবণের মূল্য যদি 4 পয়সা ও 5 পয়সার মধ্যে হয়, তবে 1 কি. গ্রাম লবণের মূল্য কত ?

*29. একই দৰে এক ব্যক্তি 19 টাকা 80 প. ও 34 টাকা 65 প. মূল্যে কতকগুলি করিয়া আয় কিনিল, প্রত্যেক আয়ের মূল্য 24 পয়সার কর নহে এবং 36 পয়সার বেশী নহে। সে দ্বাই দফার মোট কতকগুলি আয় কিনিয়াছিল ?

*30. 2 টা. 50 পয়সা, 3 টা. 50 পয়সা ও 4 টাকা 50 পয়সা যথাক্রমে কতকগুলি পুরুষ, স্ত্রীলোক ও বালককে ভাগ করিয়া দেওয়ার প্রত্যেকের ভাগ সমান হইল। লোকসংখ্যা যতদূর সম্ভব কর হইলে মোট কত লোক ছিল ?

*31. তিনি অক্ষ-বিশিষ্ট কোন্ সংখ্যা দ্বারা 7653 ও 11282কে ভাগ করিলে একই ভাগশেষ ধারিবে ?

32. 13 দ্বারা বিভাজ্য কোন্ ক্ষুদ্রতম সংখ্যাকে 5, 6 বা 8 দ্বারা ভাগ করিলে 1 ভাগশেষ ধারিবে ?

ঐকিক নিম্নম সংক্রান্ত :—

// 33. 15 জন লোকে যে কার্য 10 দিনে করে, 6 জনে তাহার দ্বিগুণ কাজ কর দিনে করিবে ?

34. 12 জন পুরুষ বা 9 জন স্ত্রীলোক 28 দিনে যে কাজ করে, 8 জন পুরুষ এবং 8 জন স্ত্রীলোক একত্রে কত দিনে তাহা করিবে ?

35. 1261 বগুড় 16 দিনে একটি জমি চাষ করিতে পারে। কতগুলি বগুড় উহার $\frac{2}{3}$ অংশ সময়ে ঐ জমির $2\frac{1}{2}$ গুণ জমি চাষ করিতে পারিবে ?

36. প্রত্যহ 8 ষষ্ঠী খাটিয়া 18 জন লোকে যে কার্য 7 দিনে করে, প্রত্যহ 6 ষষ্ঠী খাটিয়া 21 জনে তাহা কত দিনে করিবে ?

37. প্রতিদিন 8 ষষ্ঠী কাজ করিয়া 50 জনে একটি কাজ 12 দিনে করিতে পারে। প্রত্যহ কত ষষ্ঠী খাটিয়া 60 জন লোকে 16 দিনে তাহার দ্বিগুণ কাজ করিবে ?

[চা. বো. 1930]

38. 8 জন পুরুষ অধিবা। 12 জন স্ত্রীলোক যে কার্য 25 দিনে সম্পূর্ণ করে, 6 জন পুরুষ এবং 11 জন স্ত্রীলোক তাহা কত দিনে করিবে ? [ক. থ. 1938]

✓ 39. কোন দুর্গে 2200 লোকের 50 দিনের ধার্ঘ ছিল। 17 দিন পরে আরও কতকগুলি লোক তথায় আসার আর 20 দিনে ধার্ঘ শেষ হইল। পরে কত লোক আসিয়াছিল ?

[চা. বো. 1940]

40. এক কিলোগ্রাম গধের মূল্য যখন 60 পয়সা তখন 12 পয়সা মূল্যের কটির ওজন 50 গ্রাম। এক কি.গ্রাম গধের মূল্য 1 টাকা 25 পয়সা হইলে 15 পয়সা মূল্যের কটির ওজন কত হইবে

✓ 41. 40 জন লোক দিন 10 ষষ্ঠী কাজ করিয়া $8\frac{1}{2}$ দিনে 190 আর জমির শত কাটিতে পারে। প্রত্যহ 8 ষষ্ঠী কাজ করিয়া 17 জন লোক 50 দিনে কত আর জমির শত কাটিবে ?

✓ 42. টাকার 2 $\frac{1}{4}$ কিলোগ্রাম চাউল পাওয়া গেলে 17 জন মজুরের মাসিক বেতন 850 টাকা হব। অতি মিলিয়া গ্রাম চাউলের মূল্য $6\frac{1}{2}$ টাকা হইলে সেই অঙ্গপাতে প্রত্যেক মজুরের মাসিক বেতন কত হইবে ?

✓ 43. 24 জন লোক প্রতিহ 8 $\frac{1}{2}$.৷ ষটা খাটিয়া 15 দিনে যে কাজ করে, দৈনিক 6 ষটা খাটিয়া কয়জন লোক 17 দিনে তাহার বিশেষ কাজ করিবে ?

[ক. প্র. 1916]

✓ 44. যদি 45 জন স্বীলোক 48 দিনে 207 টাকা উপার্জন করে, তবে কত জন পুরুষ 16 দিনে 76 $\frac{2}{3}$ টাকা উপায় করিবে ? (প্রত্যেক পুরুষের দৈনিক আয় প্রত্যেক স্বীলোকের দৈনিক আয়ের বিশেষ)।

✓ 45. 8 জন পুরুষ অথবা 17 জন বালক 26 দিনে একটি কাজ করে। 4 জন পুরুষ এবং 24 জন বালক কত দিনে তাহার 50×0.09 গুণ কাজ করিবে ?

[ক. প্র. 1937]

✓ 46. 27 জন লোক 15 দিনে একটি কার্য সম্পন্ন করিতে পারে। উহার $\frac{2}{3}$ অংশ সময়ে কাজটি করিতে হইলে, অতিরিক্ত কয়জন লোক নিযুক্ত করিতে হইবে ?

✓ 47. কোন টিকাদার 200 দিনে 6 কিলোমিটার রাস্তা প্রস্তুত করিবার চুক্তি করিয়া 140 জন লোক লাগাইয়া দেখিল 60 দিনে মাত্র $1\frac{1}{2}$ কি. মি. রাস্তা হইয়াছে। যখনসময়ে কাজটি সম্পন্ন করিতে হইলে তখন অতিরিক্ত কয়জন লোক নিযুক্ত করিতে হইবে ?

✓ 48. এক ব্যক্তি 38 দিনে একটি কাজ করিয়া দিবার চুক্তি করিয়া 60 জন লোক নিযুক্ত করিল। 22 দিন পরে সে দেখিল মাত্র $\frac{2}{3}$ অংশ কাজ হইয়াছে। নির্দিষ্ট সময়ে কাজটি শেষ করিবার অন্য আর কত জন লোক নিযুক্ত করিতে হইবে ?

[চা. বো. 1937]

✓ *49. 40 জন পুরুষ বা 60 জন স্বীলোক অথবা 80 জন বালক 6 মাসে একটি কাজ শেষ করিতে পারে। 10 জন পুরুষ, 10 জন স্বীলোক এবং 10 জন বালক একত্রে উহার $\frac{1}{3}$ অংশ কাজ কত সময়ে করিবে ? [বো. প্র. 1893]

50. যদি প্রতি 5 মিনিটে 3 বার করিয়া গোলাবর্ষণ করিয়া 5টি কাশানে 4 ষষ্ঠায় 1200 সেক্ষে মারা যায়, তাহা হইলে প্রতি 6 মিনিটে 4 বার করিয়া গোলা বর্ষণ করিয়া 7টি কাশানে 3 ষষ্ঠায় কত লোক মারা যাইবে ? ~~৮~~

51. টাকা প্রতি 7 পয়সা হিসাবে আঁকড়কর দিয়া এক ব্যক্তিক টাকা 20 পয়সা ধাক্কি ; তাহার সমগ্র আর কত ?

✓52. 5জন পুরুষ ও 9 জন বালক একত্রে 17 দিনে একটি কাজ করিতে পারে। 9 জন পুরুষ ও 12 জন বালক কত দিনে উহা করিবে ? (2 জন পুরুষের কাজ 3 জন বালকের কাজের সমান) . [ক. প্র. 1946]

লম্পন্ড ও কার্য সংক্রান্ত :

53. ক ও খ একটি কাজ যথাক্রমে 9 ও 18 দিনে করিতে পারে। তাহারা একত্রে কাজ আবশ্য করিয়া কাজটি শেষ হইবার 3 দিন পূর্বে ক চলিয়া গেল। কাজটি কতদিনে সম্পন্ন হইল ? [ক. প্র. 1934]

54. ক $3\frac{1}{2}$ ষষ্ঠায় একটি কার্বের অর্ধেক করিল, খ $1\frac{1}{2}$ ষষ্ঠায় অবশিষ্ট কাজের $\frac{1}{2}$ অংশ কর্তব্য পর গ $5\frac{1}{2}$ ষষ্ঠায় কাজটি শেষ করিল। তিনজনে একত্রে কতক্ষণে কাজটি করিতে পারে ?

55. প্রত্যহ 7 ষষ্ঠা কাজ করিয়া একটি কার্য ক 6 দিনে ও খ 8 দিনে সম্পন্ন করিতে পারে। প্রত্যহ 8 ষষ্ঠা কাজ করিয়া উভয়ে একত্রে কতদিনে উহা সম্পন্ন করিবে ? [ক. প্র. 1930]

*56. ক, খ ও গ কোন কাজ যথাক্রমে 15, 12 ও 10 ষষ্ঠায় করিতে পারে। তাহারা একসঙ্গে কাজ আবশ্য করিল, কিন্তু ক 3 ষষ্ঠা পরে এবং খ কাজ শেষ হইবার 2 ষষ্ঠা পূর্বে চলিয়া গেল। কাজটি কত ষষ্ঠায় শেষ হইয়াছিল ?

57. ক ও খ যথাক্রমে 8 ও 6 দিনে একটি কাজ করিতে পারে; কিন্তু প-এর সাহায্যে তাহারা 3 দিনে কাজটি শেষ করিয়া 8 টাকা 16 পয়সা মজুরী পাইল। কে কত টাকা পাইবে ?

58. একটি লোক ও একটি বালক 36 দিনে একটি কাজ করিতে পারে। শোকটি যদি শেষ 10 দিন একা কাজ করে তবে কাজটি শেষ হইতে 40 দিন লাগে। বালকটি একাকী কত দিনে কাজটি করিবে ?

59. ক একা থ ও গ-এর সমান কাজ করিতে পারে। একটি কাজ
ক ও থ একত্রে 9 ঘণ্টা 36 মিনিটে করে এবং গ তাহা 48 ঘণ্টায় করে।
থ একাকী উহা কর ঘণ্টায় করিবে ? [প. প. 1926]

60. একটি চৌবাচ্চা 10 ঘণ্টায় জলপূর্ণ হয়, কিন্তু তলদেশে ছিদ্র হওয়ায়
উহা পূর্ণ হইতে 2 ঘণ্টা অধিক সময় লাগিল। ঐ ছিদ্র দিয়া কতক্ষণে
জলপূর্ণ চৌবাচ্চাটি জলশূন্ত হইবে ?

61. কোন একটি কাজ ক 20 দিনে এবং ক ও থ একত্রে 11টি দিনে
করিতে পারে। ক একা 8 দিন, ক ও গ একত্রে 6 দিন কাজ করার পর থ
একা 3 দিনে কাজটি শেষ করিল। থ ও গ একত্রে কাজটি করত্বিনে করিতে
পারে ? [চ. বো. 1935]

62. ক একদিনে থ-এর 3 গুণ কাজ করে। উভয়ে একটি কাজের
১/৫ অংশ 9 দিনে করিল। অত্যোকে সমগ্র কাজটি করত্বিনে করিতে পারিবে ?

[ক. প. 1946]

63. দুইটি নল ধারা যথাক্রমে 20 ও 30 মিনিটে একটি চৌবাচ্চা ভর্তি
হয়। উভয় নল খুলিয়া দিবার কতক্ষণ পরে প্রথম নলটি বন্ধ করিলে আবর
10 মিনিটে চৌবাচ্চাটি পূর্ণ হইবে ? [ক. প. 1926]

64. ক, থ ও গ যথাক্রমে 20 দিনে, 30 দিনে ও 60 দিনে একটি কাজ
করিতে পারে। প্রতি তৃতীয় দিনে থ ও গ-এর সাহায্য লইয়া করত্বিনে
কাজটি সম্পন্ন করিবে ?

65. দুইটি নল যথাক্রমে 20 ও 30 মিনিটে একটি চৌবাচ্চা জলপূর্ণ করিতে
পারে। যখন উহা জলশূন্ত ছিল তখন নল দুইটি খোলা হইল এবং কিছুক্ষণ
পরে প্রথম নলটি বন্ধ করা হইল। যদি চৌবাচ্চাটি মোট 18 মিনিটে জলপূর্ণ
হইয়া থাকে, তবে কখন প্রথম নলটি বন্ধ করা হইয়াছিল ?

*66. 12 জন পুরুষ ও 10 জন বালক 3 দিনে একটি কাজের $\frac{1}{3}$ অংশ করে
এবং 4 জন পুরুষ ও 5 জন বালক 7 দিনে কাজটির $\frac{1}{5}$ অংশ করিতে পারে।
10 জন পুরুষ করত্বিনে কাজটি করিতে পারিবে ?

*67. একটি চৌবাচ্চায় 3টি নল সংযুক্ত আছে। প্রথমটি 3 ষষ্ঠায় ও দ্বিতীয় নলটি 3 ষষ্ঠী 45 মিনিটে চৌবাচ্চাটি জলপূর্ণ করিতে পারে এবং তৃতীয় নলটি 1 ষষ্ঠায় উহাকে জলশূণ্য করে। যদি নল তিনটি যথাক্রমে 1টা, 2টা ও 3টার সময় খুলিয়া দেওয়া হয়, তবে কখন চৌবাচ্চাটি জলশূণ্য হইবে ?

[প. অ. 1929]

68. একটি পিপাসু 3টি নল দংলগ্ন আছে। প্রথম দুইটি দ্বারা 20 মিনিটে ও 30 মিনিটে পিপাসুটি জলপূর্ণ হয় এবং তৃতীয়টি দ্বারা 40 মিনিটে পিপাসুটি জলশূণ্য হয়। তিনটি নল একসময়ে খুলিয়া 15 মিনিট পরে প্রথমটি বন্ধ করা হইল। কতক্ষণে পিপাসুটি জলপূর্ণ হইবে ?

[ছাত্র 1892]

69. একটি চৌবাচ্চায় দুইটি নল আছে। প্রথমটি দ্বারা উহা 40 মিনিটে ভর্তি হয় এবং দ্বিতীয়টি দ্বারা 1 ষষ্ঠায় খালি হয়। যদি পর পর মিনিটে পর্যায়ক্রমে একটি করিয়া নল খোলা থাকে, তবে কত সময়ে চৌবাচ্চাটি জলপূর্ণ হইবে ?

[প. অ. 1931]

*70. তিনটি বালক একটি চৌবাচ্চা জলপূর্ণ করিতে আবস্থ করিল। প্রথম বালক 5 মিনিটে 1 পাইট, দ্বিতীয় বালক 6 মিনিটে 1 কোর্যাট এবং তৃতীয় বালক 8 মিনিটে 1 গ্যালন জল ঢালে। যদি ঐ চৌবাচ্চায় 50 $\frac{1}{2}$ গ্যালন জল ধরে, তবে কতক্ষণে উহা পূর্ণ হইবে ?

[ক. অ. 1941]

[2 পাইট = 1 কোর্যাট, 4 কোর্যাট = 1 গ্যালন]

71. 3 জন পুরুষ ও 2 জন বালক একত্রে একটি কাজ 15 দিনে করিতে পারে এবং 2 জন পুরুষ ও 3 জন বালক একত্রে উহা 18 দিনে করিতে পারে। একজন পুরুষ ও একজন বালক একত্রে উহা কতদিনে করিবে ?

[ক. অ. 1950]

72. একটি চৌবাচ্চা 3টি নল দ্বারা যথাক্রমে 30, 40 ও 60 মিনিটে ভর্তি হয় এবং চতুর্থ নলটি দ্বারা উহা আধ ষষ্ঠায় খালি হয়। বেশী 12টার সময় প্রথম 3টি নলই খুলিয়া দেওয়া হয়, কিন্তু ভুলক্রমে চতুর্থ নলটি 15 মিনিট পর্যন্ত খোলা থাকে, তৎপরে উহাকে বন্ধ করা হয়। কখন চৌবাচ্চাটি ভর্তি হইবে ?

[ম. অ. 1891]

অঞ্চলিক ৩

(পূর্বপাঠি সমষ্টীয় বিবিধ প্রশ্ন)

[১]

1. 3 বৎসর পূর্বে ক-এর বয়স ষ-এর বয়সের দ্বিগুণ ছিল। 7 বৎসর
পরে ক ও ষ-এর বয়স একত্রে 83 বৎসর হইবে। এখন প্রত্যেকের বয়স কত ?

[ছাত্র. 1922]

2. 10000 ও 80000-এর মধ্যে ক্ষুত্রিম ও বৃহত্তম এমন দুইটি রাশি
নির্ণয় কর যাহাদের প্রত্যেকটিকে 203, 182 ও 290 দিয়া ভাগ করিলে কিছুই
ভাগশের ধাকিবে না।

[ছাত্র. 1923]

3. ক ও ষ-এর একত্রে 134 টাকা এবং ষ-ও গ-এর একত্রে 100 টাকা
আছে। গ অপেক্ষা ষ-এর যদি 58 টাকা বেশী থাকে, তবে কাহার কত টাকা
আছে ?

[চ. বো. 1948]

4. 18 মিটার দীর্ঘ ও 15 মিটার প্রশস্ত একটি ঘরে 1620 ঘনমিটার বায়ু
থাবে। ঘরটির উচ্চতা কত ?

5. একটি খণ্ডিত সমান-সংখ্যক টাকা, 50 প., 25 প., 10 প. ও 2 পয়সা
মূল্য ছিল। উহাতে মোট 149 টাকা 60 পয়সা ছিল। প্রত্যেক প্রকারের
মূল্য কয়টি ছিল ?

6. সরল কর : $\frac{\frac{1}{2} + \frac{3}{4}}{\frac{5}{6} - \frac{7}{8} + \frac{9}{10}} \div 10\frac{20}{103}$ এর : 142857. [ক. প্র. 1911]

7. 8 জন পুরুষ অধিক 12 জন স্ত্রীলোক 14 দিনে একটি কাজ করিতে
পারে। 18 জন পুরুষ এবং 21 জন স্ত্রীলোক উহার তিনগুণ কাজ কত দিনে
করিবে ?

8. প্রতি টাকার 9 পয়সা আরকর হইলে, 8754 টাকা আয়ের জন্য কত
আয়কর দিতে হইবে ?

9. একটি আরতক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্তরে 3 গুণ। ক্ষেত্রটি 1½ ডেসি মিটার
বর্গ পরিমাণের 2028 খানা প্রতি দিয়া বাধান হইল। ক্ষেত্রটির দৈর্ঘ্য কত ?

10. 5 কি. মি. 5½ হে. গ্রামকে দশবিকারে বৃহিটালে প্রকাশ কর।

[2]

1. পরল কৰ :

$$\frac{1}{1 + \frac{1}{5 + \frac{1}{2}}} \div \frac{1.13}{2} \times \frac{14 \times 12 \times .02 + .04 \times 16 \times .01}{.01 \times 2 \times 1}$$

2. এক আৰ জমিৰ খাজনা 4টা. 40 প. হইলে 13 আৰ 6 ডেসি আৰ 5 মেচি আৰ জমিৰ খাজনা কত হইবে ?

3. 425 ঘন দৱিস্ত ঝৌ-পুৰুষকে মোট 36 টাকা বিতৰণ কৰা হইল। অত্যোক ঝৌলোক 6 পয়সা ও অত্যোক পুৰুষ 12 পয়সা হিসাবে পাইল। ঝৌলোক ও পুৰুষেৰ সংখ্যা নিৰ্ণয় কৰ ।

4. বৃহত্তম কোন্ সংখ্যা ধাৰা 68130 ও 107275-কে ভাগ কৰিলে অধিকৰণে 27 ও 49 ভাগশেব ধাকিবে ?

5. 2 গ্রা. 2 ডেসি গ্রা. 4 সে. গ্রা., 3 গ্রা. 3 ডেসি গ্রা. 6 সে. গ্রামেৰ দ্রুত অংশ, কত টাকা 61 টাকা 8 পয়সাৰ তত অংশ ?

6. এক গোয়ালা 35 পয়সা কিলো লিটাৰ দৰে 280 টাকাৰ দ্রুত কিনিয়াছিল, তাহাৰ মধ্যে কিছু দ্রুত নষ্ট হইবাৰ পৰ সে 45 পয়সা কিলো লিটাৰ দৰে অৰশিষ্ট দ্রুত বিক্ৰয় কৰিয়া মোট 62 টাকা 1 পাত্ৰ কৰিল। কতটা দ্রুত নষ্ট হইয়াছিল ?

7. যে চৌৰাঙ্গার দৈৰ্ঘ্য, প্ৰস্থ ও গভীৰতা ষথাকৰণে $25\frac{1}{2}$ মিটাৰ, $19\frac{1}{2}$ মি. ও 12 মি., তাহাতে কত ঘনমিটাৰ জল ধৰে ?

8. 20 অন লোকে 12 দিনে যে কাৰ্য কৰে, কতজন লোকে তাহাৰ দেড়গুণ কাৰ্য 15 দিনে কৰিবে ?

9. 3 হুই. 32 কি. গ্রা. 8 গ্রামকে দশমিকাকাৰে হুইন্টালে প্ৰকাশ কৰ ।

10. 3 অন পুৰুষ 5 অন ঝৌলোক এবং 8 অন বালকেৱ মধ্যে 500 টাকা এৱপে ভাগ কৰিয়া দেওয়া হইল যে, অত্যোক পুৰুষ 72 পয়সা পাইলে, অত্যোক ঝৌলোক 48 পয়সা এবং অত্যোক বালক 18 পয়সা পায়। অত্যোক পুৰুষ, ঝৌলোক ও বালক কত কৰিয়া পাইল ?

[3]

$$1. \text{ সরল কর : } \frac{2\frac{1}{6} \text{ এর } \frac{\frac{3}{4}-\frac{2}{3}}{\frac{3}{4}+\frac{2}{3}} \div \frac{4}{13-3\frac{3}{8}} + 3\frac{1}{8} - \frac{3}{3-1\frac{3}{4}}.$$

[ক. প. 1881]

2. প্রতি ঘনমিটার 720 টাকা 50 পয়সা হিসাবে একটি ধাতুখণ্ডের মূল্য 5187 টাকা 60 পয়সা হইলে উহার ঘনফল কত ?

3. 6 প্যান 3 কোর্ষার্ট 1 পাইটকে দশমিক আকারে গ্যালনে প্রকাশ কর (দুই দশমিক অঙ্ক পর্যন্ত ছুক) ।

4. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 784 বর্গ মিটার ; প্রতি মিটার 25 পয়সা হিসাবে উহাতে বেড়া দিতে কত ব্যয় হইবে ?

5. 8 জন পুরুষ বা 12 জন জ্বীলোক একটি কাজ 10 দিনে করিতে পারে । 4 জন পুরুষ এবং 16 জন জ্বীলোক কত দিনে উহা করিবে ?

[জ. প. 1924]

6. 1500 ও 2000-এর মধ্যবর্তী কোন সংখ্যা 102 ও 36 দ্বারা বিভাজ্য ?

7. প্রত্যেকটি 9 ডেসি মি. দীর্ঘ, 4 ডেসি মি. বিস্তৃত ও 3 ডেসি মি. পুরু আয়তনের 40000-টি ইট দিয়া 9 ডে. মি. দীর্ঘ ও 8 মি. পুরু একটি প্রাচীর গাঁথা হইল । প্রাচীরটির উচ্চতা কত ?

8. 16 গ্রামকে 2 কি. গ্রা. 24 ডেকা গ্রামের দশমিকে প্রকাশ কর ।

9. 250-কে এমন দুই অংশে বিভক্ত কর যেন প্রথম অংশের 3 গুণ ও দ্বিতীয় অংশের 5 গুণের সমষ্টি 950 হয় ।

[ক. প. 1941]

10. উৎপাদকের সাহায্যে 48400-এর বর্গমূল নির্ণয় কর ।

[4]

$$1. \text{ সরল কর : } \frac{(.03)^2 - 2 \times .03 \times .01 + (.01)^2}{.02}.$$

2. যদি প্রতি বাল্ল 9 হে. গ্রা. 2 ডে. গ্রা. 4 গ্রাম করিয়া চা থাকে এক অতি হে. গ্রাম চামের মূল্য 4 টা. 25 প. হয়, তবে 70 বাল্ল চামের মূল্য কত ?

3. 49 টাকা 25 পয়সা 150 জন বালক-বালিকাকে এজপে ভাগ করিয়া দেওয়া হইল যে প্রত্যেক বালক 25 পয়সা এবং প্রত্যেক বালিকা 50 পয়সা পাইল। বালক ও বালিকার সংখ্যা কত?

